नव छना धेमुश्रथंत न्यतं आहि ७ शांत्र वह विषयात নিমিত্তে সেরাজ উদৌলা ক্রতায় রাক্ষণ তলা হইয়া-ছেন কিন্তু তিনি পর্যদিন প্রাতঃকালাবধি এই ঘোর-তর ব্যাপারের কিছুই জানিতেননা সমুদায় দোষ মাণিক-চাঁদনামক হিন্দু করিয়াছিলেন কারণ ঐ নিশিতে দুর্গ তাঁহার আধীনে ছিল ২১ জুন প্রভাতে ন্বাব 🗳 অবস্থা শুনিয়া অতিশয় অসমতি প্রকাশ করিয়া-ছিলেন।যেসকললোক ব্রাকহোলে রুদ্ধ হইয়াও বাঁচিয়া-ছিলেন হালওএল সাহেব তমধ্যে একজন ছিলেন শুবাদার তাঁহাকে আহ্বান করিয়া ধনস্থান প্রকাশকরি-তে কহিলেন কিন্তু তথায় পঞ্চাশৎ সহসু মদু ৷ মাত্র পাত-য়াতে গুরাদারের আশ্চর্ন্য বোধ হইল। সেরাজউদ্দৌনঃ নয়দিবসপর্যান্ত কলিকাতার নিকটে থাকিয়া ঐ স্থানের নামআলিনগর রাথিয়ামূরসিদাবাদে প্রত্যাগমনকরি-লেন ২ জুলাই তিনি গঞ্চাপারহইয়া ওলনাজদিগকে ফরাসিদিগকে আনুকূল। করিতে কহিলেন ও যদি তাঁহারা অস্থীকার করেন তবে তিনি ইণরাজদি-গের প্রতি যেরপ ব্যবহার করিয়াছেন সেইরপ করি-বার ভয় দেখাইলেন ওলন্দাজেরা সান্ধ চারি লক্ষ মদুঃ ও করাসিরা সাদ্ধ তিন লক্ষ মৃদু৷ দিয়া নিস্তার পাইলেন যেবৎসরে কলিকাতা অধিকার হইল ও ইণরাজেরা বাঞ্লাহইতে দূরীকৃত হইলেন সেই বৎসরে অথাৎ ১৭৫৬ শালে ডেনেরা ভূমির সনন্দ পাইয়া গ্রীরামপর নগর আরম্ভকরিলেন ৷৷

শুবাদার জয়দারা প্রকল্ল হইয়া মুরসিদাবাদে আসিয়া প্রণীয়ার শাসনকর্তা তাঁহার জ্যেষ্টতাতপুত্র শোকৎ-জঙ্গের প্রতি শূতন আফ্রমণ করিতে ত্রিকরিলেন তাঁহার সহিত বিরোধোত্থাপন করিতে আপনার এক ভূত্যকে তথাকার কৌজদার করিয়া জেগ্রতাত পুঞ্জে षा। ছা।করিলেন যে তিনি ঐ ব্যক্তিকে তৎকর্ম করিতে স্থীপন করিবেন তাহাতে ঐ বালক ক্রোধে উষ্মন্তপ্রায় ছইয়া উত্তর লিথিলেন যে তিনি ব্যবস্থানতে এতদেশের শুবাদার হইয়া দিল্লীহইতে নিয়োগ পত্র পাইয়াছেন এব° নবাবকে আজ্ঞা করিলেন যে তিনি মুরসিদাবাদ পরিত্যাগ করিয়া অভিল্যিত স্থানে গ্মনকরেন সেরাজ উদ্দৌলা অতিশয় ক্ৰুন্ধ হইয়া একনিমেষ বিলম্ব ব্যতি-রেকে সৈন্যদিগের সহিত একত্র হট্য়া পূরণীয়ায় যাত্রা ক্রিতে আজ্ঞা দিলেন শোকত্তক্ত নিজবৈন/দিগের প্রেরণ করিলেন কিন্তু তিনি যুদ্ধ কিছুমাত্র জানিতেননা ও কোনজনেরপরা মর্শগুনিতেননা ভাঁহার সেনাপতিরা <mark>বৈন্যের সহিত অগুসর হইয়া এক দৃঢ়</mark>স্থানে উপস্থিত হইলেন ঐ স্থানের সম্বাথ এক মাঠ ছিল ও তাহাতে কেবল একমান্ত্র সেন্ত ছিল তথায় সৈন্যেরা শিবির করিল কিন্তু তাহাদের কোন কর্ত্তিল না সুতরা ১ প্রকৃতকর্মের

কোনপ্রস্তাব হয় নাই সেনাপতিদিগের যে২ স্থান ভাল বোধ হইল সেই২ স্থানে নিজ২ সৈন্য স্থাপন করিলেন অবশেষে সেরাজউদ্দৌলারবৈদনেরে ঐ মাঠের সন্মুখে আসিয়া শতুদিগের প্রতি কামান করিতে আরম্ভ করিল বৃহৎ কামানদারা শোকত্ জঙ্গের সৈন্যেরা অত্য-স্তবিরক্ত হইল তাহাতে তিনি নিবৃদ্ধিতা প্রযক্ত অ্থা-ৰঢ় সৈন্যদিগকে মাঠ উত্তাৰ্ হইয়া সংগ্ৰাম করিতে আক্রাকরিলেন তাহার। বহুকেুশে জলকর্মন পারছইয়। শুকভূমিতে উপস্থিত হইবামাত্রে সেরাজউদ্দৌলার বৈনোরা চত্তরতাপূর্বক তাহাদের আক্রমণ করিল এই তুমুলযুদ্ধকালে শোকত্জন্ধ জীলোকদিগের বহিত আননভোগ করিতে তাবুমধ্যে গিয়া মদ্যপানে এনত মত্ত হইলেন যে সহজৰপোবনিতে শক্তি রহিল না তাঁহার দেনাপতিরা পশ্চাৎ২ আসিয়া সৈনাদিগের আধিপত্য করিতে অনুরোধ করিলেন অনন্তর ভাঁহাকে এক গজোপরি বনাইলেন ও একভৃত্যকে তাঁহার অবলম্বনার্থে নিযুক্ত করিলেন এই রূপে তিনি মাঠের ধারপর্য্যন্ত আসিবামাত্রে বিপক্ষের সৈন্য হইতে এক গোলা আসিয়া কপালে লাগাতে তিনি হাওদার উপরে মরিয়া পড়িলেন সৈন্যেরা তাঁহার নিপাত দেখিয়া শূেণী ভঞ্চ করিয়া পলায়ন করিল দুই দিবসপরে শুবাদারের দেনাপতি নোহনলাল পুরণীয়া অধিকার করিয়া তাহাতে প্রাপ্ত প্রায় নবতিলক্ষ মৃদু । ও শোকত্ কচ্চের রমণীসকল ম্রসিদাবাদে পাঠাইলেন সেরাজ-উদ্দৌলা এই যুদ্ধে হতসাহস হইয়া রাজমহলের অধি-কগনন করেননাই কিন্তু তাঁহালারাই বিজয় হইল এমত বিশ্বাস করিয়া বি পুল্আড়ম্বরীপূর্ক্ত মুরসিদাবাদে আসিলেন ৷৷

্থামার। একণে ইপরাজদিগের বিষয় বর্ণনাকরি কলিকাতা আক্রমণ করাতে তাঁহাদের একেবারে সর্অন্ধান হইয়াছিল ডুেক্ সাহেব লজ্জিতরপে স্বদেশীয় লোকদিগকে পরিত্যাগ করিয়া নাদ্যজহইতে সাহান্যপ্রার্থনায় দৃত প্রেরণ করিয়া নদীমুখে পোতো-পরিবন্ধ লোকের সহিত ছিলেন কিন্তু তথায় রোগদারা অধিক লোক মারা পড়িল।

কলিকাতায় যেদুর্ঘটনা হইয়াছিল তাহার সন্থাদ মাদু জে যাইবামাত্রে তথাকার শাসনকর্ত্তা ও প্রধান সভা ভয়ে নিমগু হইলেন তাঁহারা সকলবিষয়েই বিপদ দেখি-লেন কারণ করাসিদিগের সহিত যুদ্ধের সম্ভাবনা পুতি-দিন পুবল হইতে ছিল কিন্তু পশুচরিতে করাসিরা যদ্য-পিও অতিবল্লবান ছিল ও যদ্যপিও নিজ্বৈন্য অতি অপ ছিল তথাপি তাঁহারা বাহালায় সাহায্য পুথ্নতঃ কর্ত্তব্য ন্থির করিলেন তাঁহারা তৎক্ষণাৎ কতিপয় পোত পুন্ততপুরংসর কিয়ৎ সৈন্য সংগুহ করিলেন ওয়াট্যন সাহেব নাবিক সেনাপতি হইলেন এবং कर्तन क्राइव मारहव जृशिष्ठतरमनात अभाक इहेरनन তিনি ত্রয়োদশ বংসরপূর্বেও অষ্টারশবর্য বয়ঃ ক্রন্মে ভারতবর্ণে সভ্যকশে নিযুক্ত হইয়া আসিয়াছিলেন পরে তিনি রণেক্ছক থাকাতে যুদ্ধকম্মে প্রবিষ্ট হইয়া মহ্থযোদ্ধায়ঝপে খ্যাত হ**ইলেন** বাজালায় আদি— বার সময়ে তাঁহার বয়ন একত্রিপশৎবর্ষ ছিল তিনি বয়সে বালক কিন্তু ব্যবহারে অতিপ্রাচীন ছিলেন ৷ माप्तारक উদেনাগ করিতেই অধিককাল যাপন হইল ১৭৫৬ শালের আক্টোবর মানের পূর্ব্বে জাছাজ সকল বাহির হইতে পারে নাই পরে উত্তর পূর্বদেশহইতে বায়ু হওয়াতে তাঁহাদের কলিকা-তার আনিতে ছয় সপ্তান্থ ইইল এবং সকল জাহাজ আদিলেও দুইখান অতিবিলমে আদিল কলিকাতা নগর উদ্মারার্থে **যে সৈনা** প্রেরিত হইয়াছিল তাহা সমুদায়ে নয় শত ইউরোপীয় ও পঞ্চদশ শত এতদে-শীয় সিপাই ছিল ২০ডিসেম্বর তাঁহারা ফল্তায় আসি-त्तन २৮ তाরিথ মায়াপর পর্যান্ত আসিলেন ঐ স্থানে তথকালে মোগলদিগের এক দুর্গ ছিল ক্লাইব সাহেব রাত্রিযোগে সমুদায় সৈন্য অবতারণ করিলেন কিন্তু তথাকার পথপ্রদর্শকেরা তাঁহাকে কুপথে লইয়াগিয়াছিল একারণ তাঁহারা ঐ দুর্গের নিকট

ৰাইবার পুর্বে দুর্ব্যোদয় হইল গুরাদারের সেনাপাত মাণিকটাদ অচিন্তনীয়ৰূপে কলিকাতাহইতে আসিয়া ভাঁহাদের প্রতি আক্রমণ করিলেন ভাঁহার সৈন্যেরা যদি উচিত কর্ম করিতে পারিত তবে ই গরাজেরা পরা-জিত হইতেন ক্লাইৰ সাহেব অবিলয়ে বিপক্ষেরপ্রতি কামান ছু ভিতে আরমু করিলেন পরেএকগোলা মাণিক-**টাদের হাওদার মধ্যদিয়া** যাওয়াতে তিনি**শতিশ**য়ভীত **ইইয়া কলিকাতায় পলায়ন** করিলেন অনন্তর শক্কাঞ্র-ষ্ক্ত তৎস্থনেও থাকিতে অসমর্থ হইয়া পঞ্চশত লোক দ্ধক্ষক রাখিয়া ত্রাপুর্কক মূরসিদাবাদে পুতৃর নিকটে গমন করিলেন ক্লাইব সাহেব স্থলপথে কলিকাতায় চলিলেন কিন্তু তাঁহার আগমনের পূর্দ্ধে জাহাজসকল আসিয়া দুইঘণ্টার মধ্যে ঐ স্থান জয় করিয়াছিল এব॰ ১৭৫৭ শালের ২ জানুয়ারি তথাকার লোক সকল নাবিক সেনাপতির অধীন হইল এইকপে এক মনুষ্যের নাশব্যতিরেকে কলিকাতা পুনঃ পুর্বপ্ত रुरेन ॥

। धकाममाबादगारा।

কাইব সাহেব উত্তমৰপে জানিতেন যে নবাবকে ভয়পুদর্শণ না করিলে তিনি কদাচ সন্ধি করিবেন না অতথ্য কলিকাতা পুনঅধিকারের দুইদিবসপরে তৎ-কালে পুধানবাণিজ্যের ও অধিকধনের স্থান হুগলি-

লগর লুট করিতে জাহাল ও সৈন্য প্রেণকরিলের। ইহা বোধ হইতেছে যে কলিকাতা অধিকারের পরে তিনি মুরসিদাবাদে সেট্দিগের নিকটে সমাচার পাঠাইয়াছিলেন যে তাঁহারা ই^রাজদিগের ও নবাবের মধ্যস্থ ইইয়া সন্ধি নিস্পন্ন করেন এব[্] ইহাও উক্ত আছে যে সেরাজউদ্বৌলা প্রথমতঃ আনন্দের সহিত তাঁহাদের পরামর্শ শুনিতেন কিন্তু যখন তিনি শুনি-লেন যে ক্লাইৰ সাহেব হুগলি স্থিত ৰাণিজ্যস্থান অধিকার করিয়া লুট করিয়াছেনতখন অতিশয় ক্রোধা-বিষ্ট হইয়া তৎক্ষণাৎ কলিকাভায় যাত্রা করিতে সৈন্য-দিগের প্রতি আছে৷ করিলেন তিনি ৩০ জানুয়ারি সদৈনে ভগলিতে নদীপার হইয়া ২ কিব্যারি কাই-বের শিবিরহইতে পাদক্রোশমধ্যে আসিয়া নগরের পশ্চাৎভাগে তাঁবু ফেলিলেন ক্লাইবের সৈন্য তৎ-কালে সপ্তশত ইউরোপীয় ও দাদশ শত এতদ্দেশীয় ছিল কিন্তু নবাবের দৈন্য প্রায় চত্মারি শেৎ সহসু ছিল সেরাজউদ্দৌলা আসিবামাত্রে ক্লাইব সাহেব সঞ্জি-প্রস্তাব করিতে ভাঁছার নিকটে দূত প্রেরণ করিলেন এব॰ সামঞ্জস্য করিতে ইচ্ছা জানাইলেন এইকপে নবাবের নিকটে দূত প্রেরিত হইল তাহাতে যদ্যপিও ভাঁহার সন্ধিবিষক উক্তি ছিল তথাপি ভাঁহারা স্পষ্টন্ধপে দেখিলেন যে তাঁহার আন্তরিক ইচ্ছা সে-

ৰূপ নহে তাহার আগমনে কলিকাতার চতুদিগস্থ লোকেরা ভীত হইয়া পলায়ন করিলেন ইণরাজদিগের খাদ্যদুব্যের অভাব হইতে লাগিল অতএব ক্লাইন সাছেব নবাবের পুতি একবার আক্রমণ করা উচিত বৃঝিয়া 8 কিব্যারি রাত্রিকালে নাবিকদেনাপতির জাহাজে পিয়া ভাঁহাইইতে ছয়শত নাবিক লোক লইয়া রাত্রি দুইপুহর একঘণ্টার সময়ে তাহাদিগের সহিত তীরে অবতরণ করিলেন দিতীয় ঘটিকার সময়ে সম্দায় বৈনের্যা অস্ত্রধারী হইল এবং চত্তর্থ ঘটিকায় নবাবের শিবিরের পুতি ধাবমান হইল ক্রাইব সাহেব সম্দায়ে সার্দ্ধত্রাদশ শত ইউরোপীয় ও অষ্টশত সিপাইর **সহিত বিশ্শতিগুণে অধিক দৈন্য আক্রমণ করিতে** সাহসপূর্ত্ক গমন করিলেন শীতাত্তে যেরপ হইয়া থাকে সেইৰূপ ঐ পুভাতকালে এমত নিবিড় কুজনটিক। ছইল যে কোন মনয় সন্মুখে ছয়হস্তপর্যান্ত দেখিতে পাইতনা এইরপদনয়ে ইপরাজেরা युक्त করিতে২ বিপক্ষের শিবিরমধে। পুবেশ করিলেন তাঁহাদের সর্মনেত দ্ইশত বিপশতি লোক মারা পড়িল ও আঘাত পাইন কিন্তু নবাবের ইহাহইতে অতি অধিক অংশ নট হইল এই সাহসপূর্ত্তক আক্রমণে নবাব অসম্বভীত হইয়া দেখিলেন যে কিৰূপ সাহসিক শত্র সহিত তিনি যুদ্ধ করিতে আসিয়াছেন এবং

তৎক্ষণাৎ চারি ক্রোশ দুরে শিবির নাড়িয়া লইলেন ক্লাইব পুনর্বার আক্রমণ করিতে উদ্যোগ ক রিলেন কিন্তু সেরাজউদ্দৌলা যুদ্ধে মনঃপীড়া পাইয়া সন্ধি করিতে সন্মত হইয়া ৯ ফিবুয়ারি সন্ধিপত্তে স্বাক্ষর করিলেন अ निकाता है अति कता शृक्वि असूमा क्रमणा शाहे-লেন তাঁহাদের বাণিজ্য দ্রব্য এদেশে আনিতে পথি-মধে। শুলু রহিত ছ্ইল এবং কলিকাতা সুর্কিত করিয়া মুদ্রালয় স্থাপন করিতে অনুমতি পাইলেন এব[্]নবাৰ যেসকল দ্ৰব্য লইয়াছিলেন তাহা তাঁহাকে প্ৰতিধান করিতে হইল ও যেসকল দ্রব্য নপ্ত হইয়াছিল তাহার মূল্য দিতে হইল এইসকল সন্ধি নিয়ম নবাবের পক্ষে অতি অনুচূল ছিল কারণ তিনি বুঝিলেন যে ই∾রাজেরা বিজয়ী হইয়াছেন কিন্তু ক্লাইব সাহেব জানিতেন যে ইউরোপে ইশরাজদিগের ফরাসিদের সহিত যুদ্ধআরম্ভ হইয়াছে এব॰ তাঁহার যাবৎ সৈন্য ছিল চন্দুনগরে ফরাসিদিগেরো তাধৎ ছিল অতএব তাহ্যদিগকে আক্রমণ করিবার পূর্ফো নবাবহুইতে সম্পূর্ণশ্রপে আপ-নাকে মৃক্ত করিতে ইচ্ছ্রক ছিলেন।।

ঐ উভয় জাতির মধে। যুদ্ধের সমাচার কলিকাতায় আসিলে ক্লাইব ফরাসিদের নিকটে প্রস্তাব করিলেন যে ভারতবর্ষে উভয় জাতিরা পক্ষপাতশূন। থাকেন অর্থাৎ কেহু কাহাকে আক্রমণ করিবেনা চন্দুনগরের

শাসনকর্ত্তা উত্তর করিলেন যে তিনি এই প্রস্তাবে শন্মত হইতে নিতান্ত ইচ্ছুক আছেন কিন্তু যদি কোন করাসিদের অধিক সমুগন্ত সেনাপতি আইসেন তবে তিনি এসন্ধি ভন্করিতে পারেন ক্লাইব দেখিলেন যে এমত কোন ব্যবস্থা নাই যাহাতে নির্ভর করাযায় **७ कहात्रिहित्शद अञाव अधिक रेमना यिश्रयोज्ञ** চন্দুনগরে থাকিবে তাবৎ কলিকাতারর্কা কোনমতে **নাই এব** তিনি জানিতেন সেরাজউদ্দৌলা কেবল ভয়প্রযুক্ত দক্ষি করিয়াছেন অতথ্য পুথ্য অবসর इंदेवामार् यूटकारमाश कतिर्वन गर्सम। कतानिमिर्शत **সহিত** বন্ধুতা করিবার চেষ্টায় ছিলেন এব° তাঁহা-দের সাহায্যার্থে কিয়ৎ পদাতিক পুরণ করিয়া-ছিলেন সে যাহা হউক ক্লাইব নবাবের অনুজ্ঞা ব্যতি-ক্লেকে তৎস্থান আক্রমণ করিতে ইচ্ছুক ছিলেন না কিন্তু এইৰপ করিতে অনুজ্ঞার্থে নবাবের নিকটে যে সকল পার্থনা হইয়াছিল তাহা তিনি ছলত সম্পন করিতেন না অবশেষে নাবিক সেনাপতি ওয়াট্সন্ সাহেব তাঁহাকে একপত্র লিখিলেন যে তাঁহার যেরপি আশা ছিল তদন-সারে সৈন্য আসিয়াছে অতএব তাঁহার রাজ্যে এনত যুদ্ধ পুজুলিত করিবেন যে সমূদায় গঙ্গার জলে,নির্বাণ করিতে পারিবে না ইহাতে সেরাজউদ্দোলা অতিশয় ছীত হইয়া ১৭৫৭শালের ১০নার্চ নমুতাপুর্বক এক পত্র

লিখিলেদ তাহার তাৎপর্য্য এই বে যাহা উত্তম বোধ হয় তাহাই করহ ক্লাইব সাহেব এই উত্তরকে করাসিদের আক্রনণার্থে অনুমতি স্বৰূপ মানিয়া তৎকণাৎ সদৈন্যে ভূমিপথে চলিলেন এবং নাবিকসেনাপতি ওয়াটসন সাহেব জাহাজের সহিত নদীদিয়া গিয়া ঐ নগরের পাস্ত-ভাগে নোঙ্গর করিয়া রহিলেন ক্লাইব সাহেব তাঁহার স্বাভাবিক সাহসের সহিত যথেষ্ট চেষ্টা করিলেন কিন্তু তৎস্থানের পরাভব পুায় পোতদায়াই হইল ভারতবর্ষ-মধ্যে ইণরাজের এপর্য্যস্ত যত যুদ্ধ করিয়াছিলেন তাহার সর্বাপেক। ইহা অতিত্তমূল হইয়াছিল নয়দিবসপর্যন্ত • বেষ্টনের পরে ঐ স্থান অধীন হইল এবিষয়ে এক কিয়-मर्खी आष्ट्र य है° त्राटलता उँ श्रेटकां हवात्रा कतात्रित्तत्र সেনা ও সেনাপতিদিগকে নষ্ট করিয়। ধূর্ন্ততাপূর্বক চন্দুনগর নাশ করিয়াছেন ইহার মূল কারণ পশ্চাৎ লিখিত হইতেছে। ই॰ রাজদিগের জাহাজের আগমন রোধ করিবারনিমিত্তে ফরাসিদের শাসনকভা নদী-মধ্যে কিয়ৎ নৌকা মগু করিয়াছিলেম তাহাতে কেবল ৰকস্থানে অতি অপুশস্ত বৰ্ম ছিল ও ভাহা অতিঅপ্সলো- 🦠 কে জানিত তরণীয়নামক একজন ফরাসিদের সেনাপতি কোনকারণবশত শাসনকর্তারিনাদ্বারা ঘূণিত হইয়া क्राहेरवत भक्त यामिया थे भरणव उभरम्भ कति-त्नम शांत थे वाकि है तो अपिरान करमा नियक

থাকিয়া কিঞিৎখন উপাজ্জিত করিয়া ক্যুনুদেশে
বৃদ্ধপিতাকে তাহার কিয়দ শা পাঠাইয়াছিলেন কিন্তু
তাঁহার পিতা তদ্ধন বিশ্বাসঘাতকহইতে আসিয়াছে
বলিয়া কিরিয়া পাঠাইলেন তাহাতে তরণীয় এমত
দুংখিত হইলেন যে তিনি নিজদ্বারে গাত্রমার্জনী গলায়
দিয়া প্রাণত্যাগ করিলেন ॥

বেরাজ উদ্বোলার সহিত সন্ধিদারাই শরাজেরা মৃদ্রা-নায় ও দুর্গ করিতে অনুমতি পাইলেন কিন্তু ঐ বিষয়ের निमित्ड भूर्व्स यष्टियर्थभयाञ्च वृथा यज् कतिशाहित्वन ্যে পুটোন দুর্গ নবাব অনায়াসে অধিকার করিয়াছি-্লেন তাহা গুপ্তভাবে নির্মিত হইয়াছিল ঐ সন্ধির পরে ক্লাইব সাহেব এমত দুর্গ আরম্ভ করিলেন যে এতদেশীয় কোন সৈন্য তাহা অধিকার করিতে না পারে ১৭৫৭ শালে তিনি অদ্যাপি স্থিত এই দুর্গ দৃঢ়-তর্রূপে আরম্ভ করিলেন তিনি যথন ইহার কল্পনা করিলেন তখন তাহাতে কিপর্য্যস্ত ব্যয় হইবে তাহা চিন্তা করেন নাই যদ্যপিও তাহাতে ক্রমে ২ দুইকোটী মৃদুবি য় হইল তথাপি একবার আরম্ভ করিয়া তাহার কোন অপশ পরিবত্ত করিতে পারেন নাই এবপ ঐ বৎ-সরে এক মৃদুগলয় স্থাপিত হুইল তাছাতে ১৭৫৭ শালের ১৯ আগষ্ট ই॰ রাজি মৃদ্যু প্রথম আরম্ভ হইল।।

क्रांहेर नाष्ट्र वलशृख्क है आक्रिप्तित सक्रत

द्वार्गन कित्रता रमध्याल प्रियम व वे डेनान-দারাই তাহা রকাকরিতে হইবে তিনি প্রথমতই বৃঝি-লেন যে ই রাজেরা স্থিরতর থাকিতে পারিবেন না তাঁহাদের অবশাই অগুসর হইতে হইবে একারণ করাসিরা পুনর্কার বাঙ্গালায় পাদপ্রজ্ঞেপ করিতেনা পারেন এমত করিতে চিস্তিত ছিলেন। দেকানদেশ-স্থিত বুসিনানক একজন করাসি সেনাপতি অনেক জয় করিয়া অতিশয় শক্তিমান হইয়াছিলেন সেরাজ-উদ্দোলা মূখে ইণরাজদিগের সহিত বন্ধৃতা প্রকাশ করিয়া বুরিকে আভান করিতেছিলেন ক্লাইব বাহেব তাঁহার পত্র পথিমধ্যে আটক করিয়াছিলেন নবাব **है बाक्र** मिश्राता व्यथमान शुरु इहेशा डी हास्त्र कमा করিতে অশক্ত ছিলেন তাঁহার ক্রোণ ক্রমে ২ অপরি-নিত হইন তাঁহার সভাস্থিত ওয়াট্স সাহেবকে একদিন আদেধ করিবার ভয় দেখাইলেন পরদিন তাঁহাকে সমুমজনক পরিচ্ছদ প্রেরণ করিলেন এবং এক দিন ক্রোধে ক্রাইব সাহেবের পত্র ছিল্ল করিলেন পরদিন তাঁহার নিকট নমুতা স্বীকার করিয়া লিখিনেন **এ**ইक्टिंग हे॰ त्रां कित्रा पिथितान य यावर के हेण्हान्यात्री বালক বাঙ্গালায় রাজা থাকিবেন তাবৎ ভাঁছাদের পকে মঙ্গন নাই তাঁহার। আত্মরকার নিমিত্তে কি করিবেন এইরপ চিন্তায় যখন নিম্ম ছিলেন তখন **শ্বিপায় নবাবের সভান্থিত অধিক্তলোকেরা** काष्ट्रारमञ्ज निर्दिष्टन कविरामन य नवारवज्ञ लाङ ७ জুরভাদারা তাঁহাদের মন তাঁহাহইতে পৃথক্ इस्प्राट्ट 'अ जाँहारमत धन मान वन कीवन विशम সাগরে মথ ছইয়াছে তাঁহারা পূর্ববৎসরে শোকত্-জন্মকে সি°ংহাসনে স্থাপন করিতে একমত্য করিয়া-ছিলেন কিন্তু সে আশায় নিরাশা হইয়াছেন তথাপি ভাঁহারা বিপদভয় নাকরিয়া সেরাজউদ্দৌলাকে **পাদচ্যুত করিতে স্থিরপুতিক্ত** হইয়। ইণরাজদিগে**র** সাহায্য প্রার্থনায় গুগুভাবে লোকপেরণ করিলেন। যে-হেন্ত হিন্দুদিগের বোধ স্নাছে যে তাঁহাদের জনিদারের। **म्बाक्षेप्रोना**श्हेरच क्रकार्य हे॰ वाक्रिराव आः बान করিয়াছিলেন এইহেত্ত উচিতবোধে স্থিরতা-পূর্ব্বক লিখিতেছি যে বর্দ্ধনান নবদ্বীপ রাজসাহি প্রভৃতির কোন জমিদারেরা এইচক্রমধ্যে ছিলেন না তাঁহারা কেবল রাজস্ব আদায় করিতেন এরপ কর্ম করিতে কিরূপে পারেন। এই পুসঙ্গের পুণান মহারাজের বণিক্ অতিপরাক্রাস্ত সেটেরা সৈন্য-**पिलान आद्धामायक ७ धनाधिल मीत**रककत वर भ ওমিচাদ ও খোজা ওয়াজিদনামক দুইধনী বণিক্ बहै करमक लाक हिलान हेर्गताहे (मताक्रिक्रोनाक পদচুত করিয়া তৎপদে মীরজেকরকে স্থাপনার্থে

করেন এবিষয়ে ইণ্রাজেরা দেখিলেন যে তাঁহাদের সাহায্যব্যতিরেকেও পরিবর্ত হইবে তাহাতে যদি সহায়তা করেন তবে অবশ্য কিঞ্চিৎ লভ্য হইবে সভান্থিত প্রায় সকলেই ক্ষাণবৃদ্ধি ঐ যড়যন্ত্রে যক্ত হইতে তারা করিলেন নাবিক সেনাপতি ওয়াইসন্ সাহেবও বিবেচনা করিলেন যে এদেশে এপর্যান্ত যে-সকল লোকেরা ক্ষুদ্র বাণিক ছিল তাহারা যে দেশের অধিপতিকে পদচ্যুত করিতে যায় ইহাও বড় নাহ্-সিক উদ্যোগ বটে কিন্তু ক্লাইবসাহেবের অন্তঃকরণ অতি বলবৎ ও সাহসিক ছিল তাহার মনেই কেবল বিপদ্চিন্তার উত্তাপ ইইল।।

তিনি মুরসিদাবাদস্থিত ওয়াট্সন্ সাহেব ছারা আপ্রিল মে দুইমাসপর্যান্ত নবাবের আমলাদিগের সহিত ঐ পুপ্তপ্রস্তাব এমত গুপ্ত ভাবে চালাইলেন যে সেরাজউদ্দোলা একেবারে প্রকৃত সময় ভিন্ন পূর্বেক্দাচ সন্দেহ করেন নাই যখন তাঁহার বোধ হইল তখন মীরজেফরকে আহ্বান করিয়া কোরাণস্পর্শে শপ্তথ করাইলেন যে তিনি ভাঁহার বিশাসী থাকিবেন সমুদায় বিষয় প্রস্তুত হইলে ওমিচাঁদ ঐ প্রস্তাব নপ্ত করিতে উদ্যত হইয়াছিলেন তিনি অতি ধনী ও তথাপি অতিশয় লোভী ছিলেন যাবদ্ধন প্রাপ্ত হইবে তাহার বিশ্বন

1 205

শতিতনভাগ তাঁহাকে দিতে দ্বীকার করিয়াছিল কিন্তু তিনি তাহাতে সম্ভুষ্ট নাহইয়া একদিবস সায়^ কালে ওয়াটস সাহেবের নিকটে আসিয়া কহিলেন যে যদি ভাঁহাকে ত্রিপশথ লক্ষ সূদ্রা অধিক দিতে স্বীকার না লিখিয়া দেন তবে তিনি তৎক্ষণাৎ শুবাদারের নিকটে গিয়া সমুদায় চাত্তরী প্রকাশ করিবেন তাহাতে ওরাটস সাহেবের ও এতমধ্যস্থিত অন্যান্যলোকের তৎক্ষণাৎ প্রাণ নাশহইতে পারিত ওয়াটস সাহেব কালবিলমার্থে ঐবিখাস্যাতক ব্যক্তিকে সান্তানা করিতে চেটা ক-রিয়া অবিলয়ে কলিকাতায় সম্বাদ লিখিলেন ক্লাইব সাহেব ঐ সমাচার শ্রবণে হতজ্ঞান হইয়া এরপা কুৎ-**সিতউপা**য়দার। প্রতেষ্ঠা করাতে গুলিচাদকে সকলের শত্র দেখিলেন এব° কোন চাত্রীদারা ভাঁহার পরা-ভব করা উচিত বৃঝিলেন পরে ওয়াট্স সাহেবকে স্বীকার করিতে আক্সা করিলেন এব পদ্ইপুস্তত সন্ধি-পত্র করিলেন তাহার একেতে ওনিচাঁদকে ত্রিশ্বং লক্ষ মুদ্রাদিতে স্বীকার ছিল অপরে ছিল না ঐ পূর্দ্ধোক্ত পত্র তাঁহার মনস্তুষ্টি নিমিত্তে তাঁহাকেই দর্শিত হইল পারে মীরজেফরের সহিত এক নিয়ম ভির হইল যে ই∾রাজদিগের সৈন্য আসিবা মাত্রে তিনি পুভূ সৈন্য ত্যাগ করিয়া নিজঅধীনবৈন্যের সহিত ভাঁহাদের भक्त जानित्वन ॥

' **এইনপে সমুগায় পুস্তুত হইলে ক্লাইব সাহেব দেরা**জ উদ্বৌলাকে এক পত্ৰ লিখিলেন তাহাতে ই রাজদিগের পুতি তিলি যে২ অপকার করিয়াছিলেন তাহা নির্দিষ্ট ছিল অধাৎ তাঁহাকে সন্ধিভন্নদোষে অপরাধী করি-**ৰেম তিনি লিখিলেন যে নবাব ই**ণব্লাজদিগের নষ্টদ্রবের ধে মূল্য দিতে স্বাকার করিয়াছিলেন তাহা দিলেন না কিনি করানিদিগকে ইণরাজদিগের দুরী করণাথে আক্রাম করিয়াছিলেন অতএব রাজসভান্থিত পু্থান ি দৈদিণের বিবেচনাদারা এই সকল বিবাদ ভম্ন করিজে ৰেয়া মূরসিদাবাদে চলিলেন এই লিখিয়া পত্র সমাঞ করিলেন শুবাদার এই লিখনের ধারানুসারে বিশে-ৰ্ভ ক্লাইবের আগন্দসন্থাদে ভীত হইয়া সবৈন্যে **প্রামী** চলিলেন ক্লাইব ১৭৫৭ শালের জুনমানের **প্রিমনে** সবৈদনে। বহিভূতি হইয়া ১৭ তারিখে কাটোয়ায় শিহ্ত হইছা পরদিন তথাকার দুর্গ আত্রনণ করি-🙀 অধিনার করিলেন ১৯ তারিখে অতিশয়বর্ষা আরমু ্রুল পরে ক্লাইব অগুসর হইয়। নবাবের সহিত সং-করিবেন কিম্ব। পুত্যাগমন করিবেন এবিষয়ে ব্যান্ত সন্দিথা হইলেন কারণ গারজেকরের কোন চিহু ক্ষেত্রন না তাঁহাহইতে এক প্রমাত্রও পাুপ্ত হইলেন ক্লি তিনি এক যুদ্ধীয় সভাপুস্তত করিলেন তাহাতে সক-কৈই যুদ্ধ ত্যাগ করিতে স্থির করিলেন ক্লাইব পুথমত

তাঁছাদের বিবেচন। গ্রাহ্ম করিয়াছিলের কিন্তু বিলক্ষণ-क्रा विविष्टन। क्रिया अवत्भाय मभूम रा रिशम भुछ করিয়াও যুদ্ধ করিতে স্থির করিলেন তিনি উত্তম রূপে দেখিলেন যে যদি এতাবৎপর্য্যন্ত অগ্রুখর হইদা পুরু গ্মনন করেন তবে বাঙ্গালায় ই^রাজদিগের মঙ্গল আৰ্ড্রেল বারে মগু হইবে ২২ জুন সূর্য্যোদয় কালে সৈলোৱা নীৰী পার হইতে আরমু করিল দুইপুহর চতর্থ কীৰ্ সময়ে সমুদায় লোক অপরতীরে উত্তার্ণ হইক বি অবিখানে চলিয়া রাত্তি দুইপুহব এক ঘটিকার দ**মঞ্চে** প্রাশীর নিকুঞ্জে উপস্থিত হইল পুভাতকালেই যুদ্ধ আরমু ইইল ক্লাইব সাহেব মারজেফর ৫ জাঁহার टेमनारक रागु इहेशा अरन्यन कतिरा वागि: तम किन्न তথকালেও তাঁহাদের দশন কইল না। নব ধের लेख-দশ সহসু অ্থাক্ত ও পঞ্জিশশং সহসু প্রাতিক ছিল তিনি কতিপয় স্তাবকলোকদারা বেচিত হইছা সেনাদিগের পশ্চাৎভাগে তাঁবুমধ্যে ছিলেন **যখন** भी दमहन युक्त आह्र मु कि दिलन ज्थन मी दर्शक সলৈন্য তাঁহার নিকটে থাকিয়াও যুদ্ধে প্রবৃত্ত হইলেন্ না পরে প্রায় দুইপুহরের সময়ে এক কামানের গোলা মীরমদনের পুতি বিকিপ্ত হইয়া ওঁছে পাদবয় ছিন্ন করাতেতিনি নবাবের তাঁবুমধ্যে পানীক হইয়া তাঁহার সমুখে পাণতাগ করিলেশ নরাই

তখন অতিশয় ভীত হইয়া সকলভ্ত্যদিগের চান্তরী শক্ষা প্রিতে লাগিলেন তিনি মীরজেফরকে আজান করিয়া তাঁছার পাদে উন্দীয় রাখিয়া অতি-**নশুতাপূর্বক নিবেদন করিলেন যে** তাঁছার মাতাম-হের নিমিত্তে তিনি তাঁহাকে কনা করিয়া আবশ্যক সময়ে তাঁহার পক্ষে থাকেন জেফর প্রভুভক্ত যাকিতে প্রতিক্সা করিয়া তাহার প্রমাণস্থরপে নবাবকে গরা-মৰ্শ দিলেন যে অদ্য অধিক বেলা হইয়াছে অতএৰ **ই**বন্যদিগকে পুত্যাগমন করিতে আছা করুন আগামি দিনে পরমেশ্বরের আশীর্জাদে আমরা সৈন্য আনিয়া যুদ্ধোদ্যোগ করিব নবাবের সেনাপতি মোহনলাল **ই**ণরাজদিগের সহিত যুদ্ধে সম্পূর্ণকপে মশ্ব হইয়াছেন এমতসময়ে প্রত্যাগননের আক্সা পাইয়া অসমতি-পূর্বক তাহা মানিলেন তাঁহার প্রস্থানদারা নৈন্য-দিগের মনোভঙ্ক হওয়াতে তাহারা চত্তদিগে পলা-यन करित क्राइनमारहर वहेन्या अनायास मण्णूर्व জয়পুাপ্ত হইলেন। সেরাজ উদ্দৌলাএক উষ্ট্রোপরি আরো-হুণ করিয়া দুইনহুদু অখানঢ়ের সহিত তাবৎরাত্তি शयन कतिया श्रविन अष्टेच छोत नगर्य युत्रिमा वादम উপস্থিত হইলেন পরে সকল সেনাপতি ও মন্ত্রিদি-গকে তাঁহার শনকটে আসিতে সমাচার দিলেন কিন্তু তাঁহারা নিজ২ গৃহে গমন করিয়াছিলেন তাঁহার শৃশুরও তাঁছাকে পরিত্যাগ করিলেন তিনি সমস্তদিন পুরীমধ্যে প্রায় একাকী থাকিয়া হতাশপ্রায় দৃঢ়প্র-তিচ্চ হইলেন। কতিপয় আচ্ছাদিত শকটোপরি নিজ পত্নী ও প্রিয়পাত্রদিগকে আরোপন করিয়া তাহাতে যাবৎষর্ণ ও রত্ন থাকিতে পারে তাবৎ লইয়া রাত্রি দুইপুহর তিম ঘণ্টার সময়ে ভগবান্গোলায় পলারম করিলেন পরে করাসিদিগের সেনাপতি লা সাহে-বের নিকট যাইবার মানসে তথায় নৌকা আরোহণ করিয়া চলিলেন তাঁহাকে পাটনাহইতে আসিতে পুর্মেও এক পত্র লিখিয়াছিলেন।

থই যে পলাশীর যুদ্ধে ভারতবর্ষের শুভাদৃষ্ট হইল তাহাতে ই রাজদিগের বি পশতি ইউরোপীয় সৈন্য ও পঞ্চাশৎ সিপাই হত ও আহত হইল। যুদ্ধের পরে শীরজেফর কাইবসাহেবের সহিত সাক্ষাৎ করিয়া এই বিজয়নিমিত্তে তাঁহার বন্দনা করিলেন অনন্তর উভয়ে একত্র হইয়া মুরসিদাবাদে চলিলেন এব পনির ক্রিলেন পরে নগরের প্রধানলাকেরা ও রাজকীয় আমলারা তথায় আসিয়া দর্বার আরম্ভ করিলেন কাইবসাহেব আসনহইতে উঠিয়া মীরজেফরের হস্ত ধরিয়া তাঁহাকে সি হা-সনে বসাইলেন এব বিলয়া অভিবাদন করিলেন অনন্তর তাঁহারা বিলয়া অভিবাদন করিলেন অনন্তর তাঁহারা

অনেক ইউরোপীয় ভদ্রলোক ও ক্লাইবসাহেবের দেও-য়ান রামটাদ মুনসী নবক্ঞের সহিত ধনাগারে যাইয়া দেখিলেন স্থর্ণ ও রজতে দুইকোটী মৃদ্রাহইতেও অধিক ছিল তৎকালের ইতিহাস লেখকে বলেন যে উহা কেবল ৰাহ্য কোষ ছিল কিন্তু তথায় অন্তঃপুরুষধ্যে যে গুপ্ত ভাগুার ছিল তাহা ক্লাইবসাহেব নাজানিতে পারেন এইপ্রকারে যতুপূর্কক রক্ষিত ছিল ঐস্থলে স্বর্ণ রজত ও রত্তে প্রায় অষ্টকোটী মুদ্রা ছিল এব ১ ঐ ইতিহাস-বেত্তা কছেন যে মীরজেফর ইমরবেগথাঁ। রামটাদ ও नरकृषः अहेकरम्रक करनः अ धन मामक्षमा कतिया नहे-লেন এব েইহাও অযথার্থ বোধ হয় না কারণ রামটা-দের মাসিক বেতন তৎকালে যতিমুদ্রা ছিল কিন্তু তিনি দশবৎসরপরে এককোটী পঞ্চবিপশতিলক মুদ্রা রাখিয়া মরিলেন তথা নবকৃষ্ণ মুনসীর মাসিক বেতন ষষ্টিমুদ্রার অধিক ছিল না তিনি কিঞ্চিৎপরে রাজা নবকৃষ্ণ হইয়া মাতৃশাুদ্ধে নয়লক্ষ টাকা ব্যয় করিলেন।। **ज्यञ्हलात इ॰ ताकि फिर्मित पूर्विमा पृठिन ১१৫७** শালের জুনমাসে তাঁহাদের কারখানা লুট হইল বাণিজ্ঞ রোধ হইল এবং অধ্যক্ষেরা জুরতাপূর্বক হত হইলেন ও তাঁহাদের বাঙ্গালায় স্থিতিরোধ হইল কিন্তু ১৭৫৭ শালের জুনমানে তাঁহার৷ কেবল ঐ কারথানা পুনঃ প্রাপ্ত হইলেন এমত নহে প্রধান শত্র সেরাজউদ্দৌলা-

ক্ষেত্র পরাভব করিয়া আপনাদের মনোনীত মবাৰ করিলেন এবং তাঁহাদের বিপক্ষ করাসিদের বাঙ্গালা-হুইতে ভাড়াইলেন কেবল মুরসিদাবাদে ধনাগার-হইতে ক্ষতি শুধরাণ কর্ত্তব্য ছিল তাহাতে সরকা-রের ক্ষতিনিমিত্তক কোম্পানীকে কোটীমুদ্রা দত্ত **ছ্ইল কলিকাতার লুট্দারা যে সকল** ভদ্র ই°রাজ-দিগের সম্পত্তি নষ্ট হইয়াছিল তাঁহাদের পঞ্চাশৎ লক্ষ্দ্রা ও এতদেশীয়লোকদিগের বিংশতিলক মুদ্রা এব 🔨 অরমানীয়দিগের সপ্তলক্ষমুদ্রা দক্ত হইল এত-फिन छनक्रनहरमन। पिरभन अधिक शांतिरजायिक দত্ত হইল এবং যেসকল সরকারের সেনাপতিরা মীর জেকরকে নবাব করিলেন তাঁহারাও এবিষয়ে বঞ্চিত-ছয়েন নাই ক্লাইব সাহেব ষোড়শলক পাইলেন ও ক্লুন্যান্য সভাপতিরা অপ্স অৎশ পাইলেন এবং ইহা **স্থিরীকৃত হইল যে ই** পাজদিগের পূর্ব্বে যেরপ ক্ষমতা ছিল তাহাতীহারা সকলি পাইবেন মহারাষ্ট্রীয়খালের মধ্যে ও তাহার বাহিরে দ্বাদশশত হস্তপর্য্যন্ত সমুদায় ভূমি ওাঁহাদের হইল এব ে কলিকাতার দক্ষিণ কুলপী-পর্য্যস্ত জমিদারী কোম্পানীর হইল তথা ফরাসিরা কদাচ বাঙ্গালায় থাকিতে পারিবেন নাইহা স্থির হইল। **নে**রা**জউদ্দৌলা ভগবানগোলাহইতে প্রস্থান করিয়া** পত্নীদুহিতাপুভৃতির আহারার্থে পাক করিতে রাজ-

মৃহলে অবতরণ করিলেন তিনি পূর্ব্বে যে এক ককীরের অপকার করিয়াছিলেন তাহার নিকটে যাইবানাত্রে ঐ ককীর তাঁহার অনেষণার্থিলোকদিগের সমাদ করি-লেন তাহারা তৎক্ষণাৎ আসিয়া তাঁহাকে ধরিল তিনি এক সপ্তাহপুৰ্বে যেসকল লোকের সহিত আলাপ করেন নাই তাহাদের নিকটে অতিশয় বিনয় করিলেন কিন্তু তাহারা তাঁহার রোদনে বধির হইয়া সকল স্বর্ণ রত্ব অপহরণ করিয়া তাঁহাকে পুনর্বার মুরসিদাবাদে অ্থানিল সেরাজউদ্দৌলার ঐ নগরে আগমন কালে মীরজেফর অধিক পরিমাণে আফিনসেবা করিয়া স্বাভাবিক নিদায় মথ ছিলেন তাঁহার অতিদুরাঝা পুত্র মীরন তাঁহার আগমন শুনিয়া নিজগৃহের নিকটে আসেধ করিতে আজ্ঞা করিলেন পরে দুই এক ঘণ্টার মধ্যে বন্ধুলোকদিগের নিকটে পুস্তাব করিলেন যে ত্তথায়গিয়া তাঁহার হত্যা করেন কিন্তু তাহারা একে২ অম্বীকার করিল অবশেষে আলিবদির পুতিপালিত মহাস্দিবেগনামক এক দুরাত্মা ঐ দুষ্টক্রিয়া স্বীকার করিল ঐজন হতভাগ্যরাজার গৃহে যাইবামাত্রে তি়িলি তাহার বৃত্তান্ত জানিয়া অতিখেদজনক স্বরে কহিলেন হিনুনকুলিখার হতারে পুাযশ্চিতার্থে আমি অবশা শরিব এইবাক্য সমাপ্ত হইবামাত্রে ঐ গুপ্তঘাতক ছুরিকা বাহির করিয়া পুনঃ২ আঘাতদার। তাঁহাকে

ছিন্ন করিলেন এইক্ষণে হিনুন্কুলির প্রতিফল হইল এই শেষউক্তি ক্রিয়া তিনিমৃত হ্ইয়া তাহার পাদে পতিত হইলেন এইৰপ মৃত্যুর পরে তাঁহার শরীর ট্করা২ করিয়া ছিন্ন- হইল ও অযত্নপূর্বক হস্তির উপরে আরোপিত হইয়া লোকাকীর্ণ রাজপর্থদিয়া গোরস্থানে প্রেরিত হুইল এই সময়ে এক আশ্চর্য্য घंटेना इम्र व्यर्थाय बहादम माम शूर्व (मताजडे-क्तिजा यञ्चात इजिन्कुनियाक कारिया अ निर्पायी ব্যক্তির রক্তপাত করিয়াছিলেন সেইস্থানে ঐ হস্তি-পক কোন কারণবশত কিঞ্চিৎ কাল হস্তিস্তন্ধ করাতে ঐবিদ্ধশরীরহইতে কিয়ৎ রক্তবিন্দু পতিত হইল।

দাদশ অধ্যায়।

তিন দেশের সর্বত্র মীরজেকরের পুতুত্ব এককালে बीक्उ इहेन किन्नु भोगु भकत्न (वाध क़बिन य जिनि কৰ্মোপযুক্ত বুদ্ধিশান্ নহেন এবং অতি দুৰ্বল ও নিধুর ও শোষক ছিলেন পূর্ববর্তি গুবাদারদিগের অধীনে যে সকল হিন্দ আমলারা অধিক্ষন সঞ্চয় করিয়াছি-লেন তিনি প্রথমত তাঁহাদের ঐ ধন অপহরণ করিতে ইচ্ছক হইলেন তিনি প্রথমে রাজারায়দুর্লভনামক প্রধানমন্ত্রির প্রতি দৃষ্টিপাত করিলেন ঐ মহাশয়ের যেৰপ ধন ছিল সেইৰপ ছয় সহসু নিজসৈনা ছিল এব° যেদকল মহাশয়র। মীরজেকরকে সি°ংহাসনে

স্থাপন করেন তম্মধ্যে তিনি সর্কাপেকা বৃদ্ধিনান **ছिलिन (मत्रोक्षडेप्मोनारक পদচ্যুত করিতে** যখন ষড়-যন্ত্র হইয়াছিল তথন রায়দুর্লভ ষড়যন্ত্রকারিদিগের নিকটে প্রস্তাব করেন যে সেরাজউদ্দৌলার পরিবর্ত্তে मीत्राज्ञकत्रक नवाव कता उठिक इस मीत्राज्ञकत তথাপি এফণে তাঁহার সর্অনাশের চেষ্টা করিলেন মীরজেফর তাঁহাকে এমত বিদেষী বোধ করিলেন যে তিনি সেরাজউদ্দৌলার কনিষ্ঠভ্রাতার পক্ষে আছেন **এইक्ल मत्मरश्ययुक्त वे निर्फा**यी य म्त्राक्रडेफो লার ভাতা তাহার প্রাণনাশ করিলেন দুর্লভ কেবল ই^রাজদিগের শর্ণাগত হইয়া প্রাণরকা পাইলেন। নবাব বহুকালাবধি বেছারের নায়েব শাসনকর্ত্তী রাগ-নারায়ণের সম্পত্তি অপহরণ করিয়া তৎপদে নিজ ভ্রাতাকে স্থাপন করিতে স্থির করিলেন কিস্তু ক্রাইব সাহেব কহেন যে তাঁহার ভাুতা তাঁহাঅপেকাও নির্বোধ ছিলেন। মেদিনীপুরের শাসনকভারাজারান-সিপ্ত নবাবের প্রতি ভপ্নচিত্ত হইলেন কারণ নবাব তাঁহার ভ্রাতাকে কারাগারে রোধ করিয়াছিলেন পূরণীয়ার নায়েব শাসনকর্তা আদলসিত্র রাজসভার কুমন্ত্রণাদারা রাজবিদ্যোহী হইয়াছিলেন এইৰপে জেফ-রের রাজাপুাস্তির পর পঞ্চমাসের মধ্যে তিন প্রদেশে তিন বিদ্রোহ উপস্থিত হইল মীরজেফরকে সুতরাণ

্ক্রাইবসাহেবের সাহায্য প্রার্থনা করিতে হইল কার্ তাঁহার পুতি বাঙ্গালায় সকলের বিশ্বাস ছিল তিনিও বিশ্বাসের উপযুক্ত পাত্র ছিলেন যেহেত্ত তিনি যুদ্ধব্য-তিরেকে ঐ তিন বিবাদ ভঙ্গ করিলেন। নবাবের অতি-শয় বিনম্নপুযুক্ত তিনি ইণরাজিলৈনে র সহিত পাট-**না**য় গমনোদ্যত হইয়া মুরসিদাবাদে উপস্থিত হইলেন **দবাব ই**^রাজদিগকে যাবদ্ধন দিতে স্বীকার করিয়া-ছিলেন তাহার অধিক অংশ অদত্ত থাকাতে ক্লাইব সাহেব রাজধানীতে আসিয়া তাহার পরিশোধার্থে নিয়ম করিতে কহিলেন তাহাতে নবাব তাঁহাকে বৰ্দ্ধ-মান নবদিপি ও হুগলি এই কয়েক স্থানের রাজস্ব ধার্য্য করিয়া দিলেন এই বিষয়ের অবধারণ হুইলে এতদ্দেশীয় ও ই^রাজিবৈন্য ঐকমত্যে পাটনায় চলিল রামনারয়ণ ক্লাইবের নিকটে আসিয়াকহিলেন যে যদি ই॰ রাজের। তাঁহাকে রক্ষা করেন তবে তিনি ঐ প্রভুরপ্রতি কৃতজ্ঞ থাকিবেন ক্লাইব তাঁহার অধীনতাগুহণ করাইতে নবা-বের সমীপে যথেষ্ট হেতুবাদ করাতে অবশেষে নবাব স্বীকার করিলেন রামনারায়ণ তৎক্ষণাৎ তাঁবুতে আসিয়া মীরজেফরের সম্মান করিয়া স্থপদে দৃঢ়ীকৃত হইলেন অনন্তর ক্লাইব ও নবাব উভয়ে রায়দুর্লভের সহিত মুর-जिमावादम आजित्वन ब्रायमूर्वछ एमिटेवन रय यावंद **ই**∾রাজেরা তথায় আছেন তাবৎ তাঁহার **আত্মরকা**

আছে। এইৰপ তাঁহাদের কৰ্মের পরিণাম হওয়াতে মীরণ অতিশয় ক্রুদ্ধ হইলেন কারণ তাঁহার ওওাঁহার পিতার মান্দ ছিল যে পরাক্রান্ত হিন্দুদিগের দম্ন করিয়া তাঁহাদের সম্পত্তি অপহরণকরেন কিন্তু এইযুদ্ধ-যাত্রাদারা তাঁহাদের শক্তি স্থিরীকৃত হইল তাঁহারা উভয়েই ক্লাইবের শক্তিতে অহিতজ্ঞান করিতেন জেফ-র নামমাত্রে তিনদেশের শুবাদার ছিলেন কিন্তু সেক্রপ লামর্থ্য ছিল না সকলবিষয়ের কর্ত্তা ক্লাইব সাচ্চেব ছিলেন দুইবৎসর পূর্ব্বে ইণরাজের। যেসকল প্রধান লোকদিগকে নবাবের নিকটে উত্তনকণা কহিবার নিমিত্তে ধনপ্রদান করিতেন সম্পুতি ভাঁহাদের ইং-রাজদিগের উপাদনা করিতে হইল মুদলমানেরা দেখি-লেন যে বিজ্ঞহিন্দ্লোকেরা শক্তিহীন নবাবের উপাসনা নাকরিয়াকোন প্রার্থনা করিতে হইলে ক্লাইবের অনুবর্তী হইতেন তিনিও এমত বিবেচনাপূর্বাক ও পরিমিতৰূপে ব্যবহার করিতেন যে যাবৎপর্যনন্ত তিনি কর্মনিস্পাদক ছিলেন তাবৎ কোন বিরোধ ছিল **না**।।

সম্পুতি বাঙ্গালামধ্যে এক নূতন শত্র উপস্থিত হইল দিল্লীস্থ হতভাগ্য মাহারাজের পূত্র নাহআলম পিতার সহিত বিরোধ করিয়া প্রয়াগ ও অযোধ্যার শুবাদারের সহিত নিল করিয়া কিয়ৎ সৈন্যের সহিত বেহার দেশ আক্রমণকরিতে আসিলেন ঐ দুই শুবাদারের এতদেশে প্ৰভূত্ব হয় কি না ইহা দেখিতে যেৰূপ মানস ছিল যুব-রাজের সাহায্য করিতে সেরপ ছিল না যুবরাজ ক্লাই-বকে পুনঃ ২ পত্ৰ লিখিলেন যে যদি তিনি তাঁহার ইচ্ছায় সাহায্য করেন তবে তাঁহাকে কোন ২ প্রদেশ প্রদান করিবেন তাহাতে ক্লাইব উত্তর লিখিলেন যে তাঁহার ভক্তি মীরজেকরের নিকটে বন্ধ আছে অপর মহারাজ তাঁহার বিদ্রোহাচারিপুত্রকে আদেধ করিয়া পাঠা-ইতে ক্লাইবের প্রতি আজ্ঞা লিখিলেন তৎকালে মীর-জেকরের দৈনোরা বেতনাভাবপ্রযুক্ত এনত অবাধ্য হইয়াছিল যে ঐ আক্রমণনিবারণার্থে যুদ্ধোপযুক্ত ছিল না অতএব ক্লাইবের নিকটে নিবেদন করাতে ১৭৫৮ শালে তিনি অবিলম্বে পাটনায় যাত্রা করিলেন কিন্ত তাঁহার উপস্থিতির পূর্কেই ঐ ব্যাপারের প্রায় নিষ্পত্তি হইয়াছিল প্রয়াগের শুবাদার ও যুবরাজ নম্মদিবসপর্য্যন্ত পাটনা রেষ্টন করাতে তৎস্থানের অধিকার হইত কিন্তু তাঁহারা শুনিলেন যে ইণরাজেরা আসিতেছেন ও অযোধ্যার শুবাদার প্রয়াগের শুবা-দারের অভাবকালে সুযোগ পাইয়া তাঁহার রাজপানী বেষ্টন করিয়াছেন এই সম্বাদ শুনিয়া তিনি যুবরাজকে দ্বকীয় উপায় করিতে রাখিয়া স্বরাজ্যরকার্থে সন্বরে চলিয়াযুদ্ধে মারা পড়িলেন অনন্তর যুবরাজের সৈন্যের। তাঁহাকে ত্রায় পরিত্যাগ করিল কেবল তিনশত মনুষা দুংখভাগী হইতে তাঁহার অনুযায়ী রহিল তিনি
অতিশয় দুরবস্থাগুস্ত হইয়া ক্লাইবের নিকটে ভিক্লা
করাতে ক্লাইব দানশীলতাপ্রযুক্ত তাঁহাকে দুইসহ্যু
স্থান্দাদিলেন মীরজেফর এইনপে নির্ভয় হইয়া কৃতজ্ঞতার চিহ্লস্বরূপে ক্লাইবকে ওমরানাম দিয়া এক নিদ্ধর
জাইগির প্রদান করিলেন কলিকাতার ঐ জ্মিদারির
নিমিত্তে কোম্পানিতে রাজস্ব দিতে স্বীকার করিয়াছিলনে উহার বার্ষিক রাজস্ব তিন লক্ষমুদু। নির্দিপ্ত ছিল।।

কিঞ্চিৎকা**লপরে মীরজেফর ক্লাইবের সহিত সাক্ষা**ৎ করিতে কলিকাতায় আসাতে ক্লাইব অতিযান্যতা পূর্বক তাঁহার অভ্যর্থনা করিলেন মীরজেফরের তথায় স্থিতিকালে ওলনাজদিগেরপঞ্চশশত সেনার সহিত সপ্ত যুদ্ধজাহাজ আসিয়া নদীমুথে নোক্সর করিল ইহা শীঘু প্রকাশ পাইল যে তাঁহারা নবাবের অনুমতি-ব্যতিরেকে আসেন নাই তিনি ইউরোপীয় সৈন্য আনিয়া ইণরাজদিগের পরাক্রম রোধ করিবার কারণ কিয়ৎকালাৰধি চুচুড়ায় ওলনাজদিগের সভিত বন্ধুতা অন্গৃহপাত্র খোজা ওয়াজিদনামক একজন কাশারি-দেশীয় বণিক্দারা সম্পন্ন হয় তিনি সমুদায় লবণের একচেটিয়া করিয়াছিলেন এবং এমত ধনবান্ ছিলেন যে প্রত্যন্থ সহসু মুদ্রা ব্যয় হইত এবং একবিষয়ে

নবাবকে পঞ্চদশলক্ষমুত্রা উপায়ন দিয়াছিলেন তিনি शूटक् मूत्रिमादोरम कत्राभिरमत अश्रक्ष हिल्लम शदत **ठम्**नगरतत नुष्ठेषाता जाँशास्त्र मर्खनाम इहेरन हे॰्-রাজদিগের **পক্ষে আ**সিলেন তিনি সেরাজউদ্দৌলার অতিৰিশ্বাসী থাকিলেও যেসকল মহান্যেরা তাঁহাকে পদচ্যত করিতে ইণরাজদিগের আন্থান করিয়া-ছিলেন তিনি তঝধ্যে প্রধান উদ্যোগী ছিলেন ঐ **রাজপরিবর্ত্ত হইলেও ই**শরাজদিগের নিকটে তাঁহার আশাপুরণ না হওয়াতে তাঁহাদের নিবারণার্থে ওল-ন্দান্দিণের এক প্রস্তুত বৃহৎসৈন্য আনিতে প্রতিজ্ঞা করিলেন তৎকালে চুচুড়ায় সভা দুই অংশে বিভক্ত হুইল এক অংশের প্রধান বিস্তম্নামক তাঁহাদের শাসনকর্ত্তা ক্লাইবের বন্ধু ছিলেন এবং তিনি চিরস্থায়ি নির্বিরোধের ইচ্ছুক ছিলেন বর্ণেট্সাহেব অপরাং-শের প্রধান ছিলেন তাঁহার পক্ষের লোকেরা অতি দুরাআ ও চুচুড়ার মধ্যে পরাক্রান্ত ছিল।ই°রাজের। अनमा अपिरात तकार्य नमीमस्था औशारमत का जीय নাবিকলোক নিবারণ করিয়াছিলেন অতথব তাঁহাদের নিমিত্তে এতদেশীয় আপদ নিবারণ করিবার আশায় অধিক সৈন্যপ্রার্থনায় বটবীয়কে লিখিলেন।।

্র এই সৈন্যাগমনে ক্লাইব বৃহৎবিপত্তিতে পড়িলেন ইংরাজেরা ও ওলন্দাজেরা বন্ধুভাবে ছিলেন এবং

ওরন্দাজদিগের যে গৈন৴ছিল তাহার তৃতীয়া∾শসাত্র তাঁহার ছিল কিন্তু ক্লাইব স্বাভাবিক নির্ভয় শক্তি-পুরঃসর যুদ্ধ করিতে উন্যুক্ত হইয়া কহিলেন যে ভারত-**বর্ষস্থিত সরকারি আমলার। নিজ**গলায় রজ্জ দিয়া কর্ম করেন তিনি বাঙ্গালায় করাসিদিগের শক্তি নাশ করিয়া ওলনাজদিণের শক্তি ভ্রাস করিতে নিশ্চয় করিয়াছিলেন এবং মীরজেফরকে কহিয়াছিলেন যে अनमािक टेमनािमरिशत मीचु अस्न कतिरव आका করেন তাহাতে নবাব উত্তর করিয়াছিলেন যে তিনি **স্বয়^ ভুগলিতে গিয়া তদ্বিষয় নিষ্পান করিবেন** 🌬 🕏 তিনি তথায় আসিয়া ক্লাইবকে লিখিলেন স ওলকাজদিগের সহিত নিয়ম করিয়াছেন জাঁহারা **সুসময়ে জাহাজ বিদায় করিবেন** ক্লাইব সহজেই ঐ চাতুরী বৃঝিয়া নদীনখ্যে ওলন্দাজি নৌকার আ প্রমন রোধ করিতে মনস্থ করিয়া কলিকাতার দক্ষিণে তানানামক স্থানে উত্তম রক্ষা করিলেন কিন্তু প্রথমে ঘন্দু করিতে উদ্যোগ করিলেন না। ওলন্দাজেরা জাহাজ आनियाह पूर्व आक्रयन कतित्तन शदत उथाय न्याचा उ পাইয়া সপ্তশত ইউরোপীয় ও অষ্টশত মলয়দেশীয় <mark>ইসন</mark>্য অবতারণ করিয়া গঙ্গার পশ্চিমতীরদিয়া পদ-बुदक हुहु छात्र शमन कतितनम क्राहिव शृद्ध है वे छान उ **इन्यु**नगरत्रत सप्ता निवित कतिए ठाँशत कुमु रेमना

1 222]

कुर्धन कर्म मार्ट्स्य मञ्जि পाठा है ब्राहितन उनना-কি সৈন্য অগুসর হইয়া চুচ্ডার এককোশদকিণে শিবির করিল ফর্দসাহেব দুইজাতির বিরোধ নাদেখিয়া আক্রমণ কক্রিবার পূর্কে সভার আক্রার্থে লিখিলেন ক্লাইব সাহেব তাসক্রীড়া করিতেছিলেন এমত সময়ে ঐ পত্র পাইয়া দীসকলেখনী দারা তদাসনে পশ্চাদুক্তরী-ক্তিতে উত্তর লিখিলেন প্রিয়তন ফর্দ অবিলম্বে যুদ্ধ কর আমি পরদিনে সভার অনুমতি পাঠাইব ফর্দ এই আহ্না শুনিবামাত্রে ওলন্দাজিদৈন্যের প্রতি আক্রমণ করিয়া একদণ্ডমধ্যে তাহাদের ছিন ভিন্ন করিলেন পায় তৎসমকালে তাঁহাদের যেসকল জাহাজ নদী-মধ্যে আসিরাছিল তাহ। ই॰রাজের। অধিকার করি-লেন সূতরা[ৣ] ঐ সাহসিককর্মের শেষ হ**ইল** চুচুড়ার যুদ্ধের শেষ হইবামাত্রে ছয় সাত সহসু অখাকঢ় সৈ-ন্যের সহিত রাজপুত্র মীরণ আসিলেন যদি ওলনাজেরা জয়ী হইতেন তবে তিনি অবশ্যই তাঁহাদের সহিত যুক্ত হইতেন কিন্তু তদভাবে তিনি তাঁহাদের অনে্ব-गोर्थ हे । द्वाक्रिमित्रत मृहिज मिलिज इहेरलन कर्पल कर्म যুদ্ধাবসানে চুচুড়া বেউন করিলেন ঐ নগর বহুকাল স্থাধীন থাকিতে পারিতনা কিন্তু ওলন্দাজের। সত্তরে ক্লাইবের নিকটে ক্লমাপ্রার্থনা করিলেন তাঁহারা যুদ্ধের ব্যয় দিতে এব ১ ক্লাইবও তাঁহাদের জাহাজ কিরিয়া

দিতে সন্মত হইলেন অতঃপর্কার্কাইব সাহেব ধনে মানে বিপুল হইয়া এবং তিন বৎসর্পর্যান্ত অধিক পরি-শ্রমদারা শারীরিকসুস্থতাশূন্য হইয়া বন্শিটাট সাহেবের হস্তে রাজকীয়কর্ম সমর্পণ করিয়া ১৭৬৬ শালের ফিবুয়ারিমানে ইংলপ্তে গমন করিলেন !

কিন্তু এতদেশীয় বিরোধের নিষ্পত্তি হইল না প্রাচীন নবাব মীরজেফর নিজপুত্র মীরণের হত্তে রাজ-কীয় শক্তি অর্পণ করিলেন ঐ নূতন নবাব অহস্কারছারী আমলালোকদিগকে ও অপকারদারা পূজালোক-দিগকে তৃচ্ছ করিতেন তাঁহার দুরাচায়দারা সকল লোকে সেরাজউদ্দৌলার দেষেবিক্ষরণ হইল সর্ক্রসাধ্য রণের অসন্তোষদারা দিল্লীস্থ নহারজের পুত্র সাহ সালন দ্বিতীয়বার বেহারে আসিতে সাহস করিলেন এবং পূরণীয়ার শাসনকত্তা কাদিম হস্নিন্থা নিজ্বৈন্যার সহিত তাঁহার পক্ষে আনুক্লা করিতে উদ্যোগ করি-লেন যুবরাজ বেহারের সীমা কর্মনাশানদীপার হইয়। গুনিলেন যে সামুজেনর উজির ক্রতম ইমাদউলমল, তাহার পিতাকে মারিয়া হিন্দ্রানের সমুটি হইয়া অবো-ধ্যার শুবাদারকে উজির অর্থাৎ পুধান মন্ত্রী করিয়াছেন কিন্তু তিনি শক্তিহীন ও পুজাহীন মহারাজ ছিলেন তাঁহার রাজধানীও শত্রহন্তে ছিল সুতরাণ নিজরাজ্যে পলায়িত ব্যক্তিতুল্য ছিলেন। যুবরাজ পাটনা আক্রমণ

করিলে ঐ সাহসী রামনারায়ণ তৎস্থানের একপ্রকার র**ক। করিয়া অতিশ**য় বিনয়পুরঃসর মুরসিদাবীদে লিখিলেন যে তাঁহার সাহায্যার্থে দৈন্য প্রেরিত হয় তৎকালে কর্ণেল কালিয়দ সেনাপতি হইয়াছিলেন তিনি ই রাজি বৈন্য লইয়ানবাবি বৈন্য ও মীরণের সহিত একত্র হইয়া চলিলেন তৎকালে ঐ সর্ক্রঘৃণিত দুরাত্মা দুইজন সেনাপতির প্রাণনাশ করিয়া ছূরিকাদারা স্বহস্তে অন্তঃপূরস্থিত দুই রমণীর শিরশ্ছেদ করিলেন আলি-বর্দির দুইবিধবা দুহিতা নেওয়ায়িসমহম্মদ ও সায়দ-আহমদের পত্নী জম্বতীবেগম ও এমানবেগম কিয়ৎ-কালপর্যান্ত ঢাকায় অজ্ঞাতবানে ছিলেন দীরণ এই যুদ্ধযাত্রাকালে তাঁহাদের প্রাণনাশার্থে আজ্ঞা পাঠাই-লেন ঢাকার শাসনকর্ত্ত্য তাহা করিতে অঘীকার করাতে মীরণ একজন নিজভৃতঃ পাঠাইলেন ও তাহার প্রতি আক্রা করিলেন যে তাঁহাদের মুরসিদাবাদে আন-য়নছলে নৌকায় আরোপণ করিয়া তাঁহাদের নৌকা মথ করিবে এবং ঐ দুরাত্ম প্রভুর আছে৷ কৃতছতা-পূর্মক সুসিদ্ধ করিল যথন নৌকামজ্জনার্থে ঘাতকের৷ ছিপি খুলিতে ছিল তখন কনিদ্যা ভগিনী অধোলিখিত থেদোক্তি করিল হে সর্জশক্তিমান পরমেশ্বর আমরা উভয়ে পাপি ও দোষি ঘটে কিস্তুমীরণের কোন অপ-कांत्र कित नारे दर्सक थरे प्रश्पादत रम कन मकन

বিষয়ে আমাদিগদারা উপকৃত হইরাছে ৷ মীরণ গমন কালে আরক অর্থাৎ অরণরাখিবার বহিতে তিনশত লোকের নাম লিখিলেন যে প্রত্যাগমন হইলে তাহাদের হত্যা করিবেন কিন্তু তাঁহার আর প্রত্যাগমন হইল না

কর্ণেল কালিয়দ্ যেপর্যতন্ত না যাইতে পারেন রাল-নারায়ণকে তাবং মহারাজের সহিত সংগ্রাম করিতে নিবেধ করিলেন কিন্তু তিনি ঐপরামর্শ নাশুনিয়া যুদ্ধ করাতে সম্পূর্ণৰূপে পরাজিত হইলেন পাটনারজা-শূন্য হওয়াতে মহারাজ এক আঘাতেই অধিকার করিতে পারিতেন কিন্তু তিনি দেশ লুট করিয়া কাল যাপন করিলেন ইতিমধ্যে কালিয়দ সাহেব সৈন্যের সহিত আসিয়া তৎক্ষণাৎ শত্রুদিগের প্রতি গমন করিতে পুস্তাব করিলেন তাছাতে মীরণ কহিলেন যে ২২ ফিবুয়ারির মধে তারাগুদ্ধি হয় না ২০ তারিখে মহারাজ ঐ যিলিত সৈন্য আক্রমণ করাতে মীরণের পঞ্চদশ সভ্সু অশ্বালচ় সৈন্যের। ছিন্ন ভিন্ন হইয়া পলায়ন করিন কিন্তু কালিয়দ স্থিরতর হইয়া সাহস-পূর্অক মহারাজকে আক্রমণ করিয়া শীঘু তাঁহার বৈনাদিগকে তাড়াইলেন সাহআলম ঐ রাত্তিতে শিবির ভঙ্ক করিয়া যুদ্ধক্ষেত্রহুইতে পঞ্জোশান্তে পলায়ন করিলেন পরে তাঁহার সেনাপতি পর্বত-মধ্যদিয়া গমন করিয়া অকন্সাৎ মুরসিদাবাদ অধিকার

ক্রিতে পরানশ দিলেন এব ১ তদনুসারে তাঁহারা শীঘু যাত্রা করিলেন কিন্তু মীরণ জ্বতগামিলে কাদারাঐবিপদ পিতাকে জানাইলেন অনন্তর মাহারাজ পর্বত হইতে বহিভুতি হইয়া রাজধানীহইতে পঞ্চদশ কোশ দুরে আসিলেন কিন্তু শাঘু আক্রমণ নাকরিয়া তথায় বিলয় করাতে কালিয়দ সাহেব তাঁহার অনুসন্ধান করিয়। উপত্তিত হইলেন উভয়পর্কায় সৈন্যেরা পরস্পর দর্শনযোগ্যস্থানে রহিল পরে মহারাজের নিকটে ই^রাজের(যুদ্ধপুন্তাব করিলে তিনি ঝটিতি ভীত হইয়া পুনর্বার পাটনায় গমনপুর্ত্তক তৎস্থানে দৃঢ়রূপে ক্টেন করিলেন এব পূরণীয়ার শাসনকভা কাদিম-হস্ত্রিনর্থী তৎকালে সাহায্য করিবার সদ্বাদ পাঠাইয়া বৈন্য প্রেরণ করিলেন। মহারাজ নয়দিবসপর্য্যন্ত পাটনা আক্রমণ করাতে ঐ নগর অবশ্য তাঁহার হন্ত-গত হইত ইতিমধ্যে কাপ্তান নকু, অতিঅপ্প সৈনোর সহিত তথায় উপস্থিত হইলেন তিনি কর্ণেল কালি-য়দ্বারা প্রেরিত হইয়া বর্দ্ধানহইতে ত্রয়োদশদিনে উদ্ভবিলেন পরে রাত্রিকালে শত্রদিগের অবস্থা নিরী-ক্লণ করিয়া পরদিন বৈকালে তাহারা নিদ্রা যাইতেছে এমত সময়ে আক্রমণ করাতে মহারাজের সৈনেছা ্ৰ**নম্পূ**ৰ্ণৰপে প্রাজিত হইল তিনি নিজ তাঁবুতে অধি প্রদান করিয়া প্রস্থান করিলেন দুই এক দিবস পরে

কাদিমহসিন খাঁ পূরণীয়াদেশায় যেড়িশ সহস্ সৈন্যের সহিত হাজিপুরে আসিয়া পাটনা আক্রমণ করিতে উদ্যোগ করিলেন কাপ্তান নকু অতিঅপ ইউরোপীর ও এতদেশীয় সৈন্য সমুদায়ে সহসু লোকের মধ্যে লইয়া নদীপার হইয়া তাঁহাকে সম্পূর্ণরূপে পরাজিত করিলেন ঐ সকল যুদ্ধমধ্যে ইহা অতি সাহসিক ব্যাপার ছিল এব॰ ইহাতেই এতদেশীয়লোকেরা ইণরাজদিগকে অতিপরাক্রান্ত জানিলেন এবং রাজা শ্বেতাবরায়ও **ই**হাতে **অতিসাহ্মরারা খ্যাত হ্ইলেন তাহার** কারণ ই রাজেরা ভাঁহাকে অত্যস্ত প্রশংসা করিয়াছিলেন পূরণীয়ার শাসনকতা পরাজিত হুইয়া মহারাজের সহিত যুক্ত হইলেন অন তার কর্ণেল কালিয়দ ও মারেণ আসিয়া পদে ২ ভাঁহার অনুসন্ধান করিতে লাগিলেন। অনন্তর বর্যাকাল আর্ড হইল কিন্তু ইণ্রাজি মেনাপতি তথাপি ঐ অনুসন্ধান পরিত্যাগ করিলেন না ১৭৬০ শালের ২ জুলাই রাত্রিকালে অতিশয় অভ বৃষ্টি হইল মীরণ ঐ সময়ে তাঁবু মধ্যে গলা শুনিতেছিলেন ইতি মধ্যে একবজু আতে তিনি ও দুইজন তাঁহার সহচর মারা পড়িলেন এই দুরবস্থায় কালিয়দকে শত্রু অনেষণ পরিত্যাগ করিয়া পাটনায় আসিতে হুইল পরে তিনি ঐ খাত্তপর্য্যন্ত তথায় সৈন্যদিগের আবাদ করিলেন।। মীরণ অতিশয় দুরাচারী তথাপি **ভাঁহার পি**তার

ব্লাজত্বের প্রধান অবলয়ন ছিলেন তৎকালীন মুসল-মানইতিহাসলেখকেরা কহেন যে ঐ দুর্বল ও সুভোগী বৃদ্ধের যে যৎকিঞ্চিৎ বিবেচন। ছিল তাহাও ন্ট হইল ব্লাজকীয়কম্মের কোন নিয়ম রহিল না বৈনে রা পূর্বপুরাপ্যবেতনার্থে রাজপুরীর চত্র্দিগে क्वबंब क्रिंड वाशिव भीतक्तिम गामा नवाद्व का-**মাতা ৰহি**ভূতি হইয়া নিজধনৱারা তাছাদের সন্তোষ ক্রিতে পুতিজ্ঞা ক্রিলেন পরে ইণরাজদিগের বত্রায় সাধ্য যুদ্ধ উপস্থিত হুইল কিন্তু কিঞ্চিমাত্র ও ধন ছিল না যে অধিকধন তাঁহারা অচিন্তনীয়রূপে পাইলেন তাহাও **বিনা বিবে**চনায় ব্যয় হইল তাঁহার৷ তখন ন্বাবের নিকটে আবেদন করিলেন কিন্তু তাঁহার কোষ শূন্য হ্ইয়াছিল সুতরা তাঁহাদের ঋণকারণের আবশ্যক হইল ইহা স্পষ্ট বোধ হইতেলাগিল যে ঐৰপ অবস্থা বহুকাল থাকিবে না নবাব নীরকস্থিমকে দৌতা কর্ম করিতে কলিকাতায় পাঠাইয়াছিলেন কোম্পানির তৎকালের পূধান অধ্যক্ষ বনশিটাট সাহেব ও হস্তি শস সাহেব তাঁছার বুদ্ধি বিশেষকপে জানিলেন দ্বিতীয়বার দৌত্য কম্মের আবশ্যক হওয়াতে মীর কস্সিম পুনঃ প্রেত হইলেন তাহাতে শাসনকত বিসাহেবের স্থির বোধ হইল যে বাঙ্গালায় কর্মোদ্ধার কেবল ঐ মন্য্য-দ্রারা হৃইতে পারে একারণ তাঁহাকে নায়েব নাজিমকরি-

বার প্রস্তাব করিলেন মীরকস্মিমও তাহাতে তৎক্ষণাই সম্মত হইলেন পরে বন্শিটার্ট সাহেব ও হস্তিৎস স হেব কিয়ৎবৈন্যসমভিব্যাহারে মূরনিদাবাদে গিড়া নবাবের নিকটে ঐ পুস্তাব করিলেন কিন্তু নবাব তাহাতে অতি অসমত হইলেন করিণ তিনি জানিতেন যে এবিষয়ে তাঁহার জানাতা শক্তিগান্ হইবেল ও তিনি নিজসভায় পুত্রলিকাপ্রায় থাকিবেন বন্শিটাট বাতেব **নবাবের অসম্ভতি দেখিয়া সন্দিগ্ধ হ্ইলেন কিন্তু মার** ক্রিম মহারাজের সহিত মিলিত হইবার ভয়প্রদশন করাইলেন কারণ তিনি উত্তযক্রপে বুঝিলেন যে এতাবং-পর্য্যন্ত চেষ্টা করিবার পর মুরসিদাবাদে কোনমতে তাঁহার রক্ষানাই অতএব বন্শিটার্ট সাহেবকে বল-পূৰ্বক ব্যবহার করিতে হইল তিনি রাজক্ষীতে ই🌝 রাজি সৈন্য থাকিতে আজ্ঞা করিলেন মীরজেফর তাহা দেখিয়া অর্ধান হইলেন এব॰ তাঁহার পুতি আত্তা হইন যে কলিকাতায় বং যুরসিদাবাদে বাস করেন তিনি বুঝি-लन य यि भूत्रिमानाटम थाकिन ज्व ज्वास शुधान থাকিয়া সর্কশূন্য হ্ইতে হইবে এবং জামাতাহ্ইতে অপমান হইবে অতএব কলিকাতায় যাইতে ইচ্ছাকরি-লেন তিনি এক সাধারণ নত্কীকে অন্তঃপ্রে রাখিয়া তাহার অতিশয় বশীভূত ছিলেন যেরমণী किक्षि कान शर्त मित्रिशमनारम शुमिका इहेरनम ।

মুসলমানইতিহাসলেখকে কহেন যে নীরজেকরও এ নারী পুস্থানের পূর্জে অন্তঃপুরে গিয়া মুরসিদা-বাদের অনেক রাজারা ক্রেনে ২ যে সকল অনূল্য রতুসপ্তুহ করিয়াছিলেন তাহা সমভিব্যাহারে লইয়া মর্যাদাজনক রক্ষকের সহিত কলিকাতায় আসিলেন ॥ ॥ ত্র্যোদশ অধ্যায় ॥

ই রাজদিগের ইচ্ছানুসারে ১৭৬১ শালের ৪ মার্চ মীরকসসিম বেহার ও বাঙ্গালাদেশের ভ্রাদার হই-লেন ইহার ক্ততভোষৰপে কোম্পানিকে বর্দমান দেশ দিলেন এব॰ কলিকাতার সভাপতিদিগকে বিণ-শতি লক্ষমুদ্রা দিলেন ও তাঁহারা ঐথন পরস্পার বণ্টন করিয়ালইলেন ৷ মীরকস্সিম অতিশক্তিমান্ ও বুদ্ধিমান ছিলেন তিনি রাজ্যপুর্ণপ্তিমাত্তে ইণরাজদিগকে মীর-<mark>জেফরের সৈন্যদিগকে ও নিজ ভৃত্যদিগকে যেধন দিতে</mark> স্বীকার করিয়াছিশেন প্রথমে উত্তমন্তপে তাহার গণনা করিয়া পরে পরিশোধার্থে উপায় করিলেন রাজসভার ৰ্যয়লাঘৰ করিলেন এবং মীরজেকরের অলসরাজ্যকালে আমলারা যে অধিকধন লইয়াছিলেন যতুপূর্ক্তক তাহার হিসাব দেখিয়া ফিরিয়া লইলেন তিনি জমিদারদিগের পুর্কদেয় আদায় ক্রিয়া সকলস্থানের নৃতন মূল্য নিক-পণ করিলেন ভাঁহার পূর্বে দুইদেশের বার্ষিক রাজস্ব ১৪২৪৫০০০ মুদ্রা ছিল তিনি তাহাহইতে ২৫৬২৪০০০

মৃতা করিলেন তৎকালে প্রজাদিগের অধিক কর অসহ হইল এই উপায়দারা শীঘু ভাগুরে-পুরণ করিয়া দেয়পরিশোধ করিলেন ভাঁহার নিজ **নৈন্যেরা নিয়মমতে বেতন পাইয়া আজ্ঞাবর্ত্তী** রহিল্ তিনি ইণরাজদিগদারা শক্তিপ্রাপ্ত হইয়াছিলেন তথা-পি তাঁহাদের অধীনতা নোচনার্থে বিলক্ষ্য মুক্রি-লেন কারণ তিনি জানিতেন যে যদ্যপিও সর্বানাগুরেন তাঁহাকে নবাব বলিয়া স্বাকার করিয়াছেন তথাপি 🕾 সকল লোক ভাঁহাকে পদন্থিত করেন এদেশে ভাঁহা-রাই যথার্থ নবাবের শক্তি এব ে ঐশ্বর্য্য পাইয়াছেন তিনি কলিকাতাস্থিতসভার অধীনতা নোচনে কেবল বলব/তিরেকে অন্য উপায় নাদেখিয়া সৈন্যবৃদ্ধিতে মনোযোগ করিলেন তিনি অকর্মণ্য সেনাদিনীগর বহি-ফার করিয়। অপর সৈন্যদিগকে ইণরাজি রীত্যন্-সারে সুশিকিত করিলেন এবং পারসীকান্তগত ইস্পা হান নামেপুধান নগরে জাত জঝিনখঁ অথবা গে্গরিখাঁ-নামক একজন আর্মাণীয়কে সেমাপতি করিলে**ন** ঐ জন অসম্ভব বৃদ্ধিনান্ ছিলেন তিনি পুথমত বস্ত্র বিক্রয় করিতেন কিন্তু যুদ্ধোপযোগি বুদ্ধি থাকাতে শীরকস্সিম তাঁহাকে স্বকমে নিযুক্ত করিলেন তিনিও म्एजाशृक्षक शुल्क है राजिमिश्य व्यनधीन क्रिड উন্তুক্ত হইলেন তিনি বন্দুক নির্মাণ করিলেন ও কামান নির্মাণ করিতে অভ্যাস করিলেন এবং গোলকাজদিগকে শিক্ষিত করিলেন অতএব তাঁহার আক্রাবর্ত্তি
দৈন্য এমত উত্তম হইল যে বাঙ্কালায় কোন রাজার
সেরপ ছিল না মীরকিসুগ ইংরাজদিগের অগোচরে নিজকপনার সম্পূর্ণতা করিবার কারণ মুরসিদাবাদ পরিত্যাগ করিয়া মুজেরে রাজধানী করিলেন
তথায় তাঁহার আর্মাণীয় সেনাপতি বন্দুক নির্মাণের
কারখানা করিলেন এবং তথাকার বন্দুকের যে প্রশংসা
অদ্যাপি আছে সে কেবল ঐ যুবা জির্মিন খাঁহইতে
হইয়াছে তিনি তংকালে ত্রিংশৎবর্ষবয়ক ছিলেন 11

১৭৬০ শালের বর্ষাবদানে দেজর কার্ণক সাহেব
মহারাজের সহিত যুদ্ধার্থে অনুসর হইলেন মহারাজ
তদবিধি বেহাঁরের ইতন্ততো ভূমণ করিতেছিলেন কার্ণক
তাঁহাকে সম্পূর্ণরূপে পরাজিত করিয়া সন্ধি প্রস্তাবার্থে
রাজা শ্রেতাবরায়ের নিকটে সন্ধাদ পাঠাইলেন তিনি
তাহাতে অত্যন্ত সম্ভোষপূক্ষক সমত হওয়াতে ঐ
ইণরাজি সেনাপতি মহারাজের তাঁবুতেগিয়া তাঁহার
সমান করিলেন ইতিমধ্যে গারকস্সিম মহারাজের
সহিত ইণরাজদিগের কথোপকথন শুনিয়া ভীত
হইলেন এবং যদি তাঁহার পক্ষে কোন অপকার ঘটে
তাহা নিবারণার্থে স্বয়্রণ পাটনায় গমন করিলেন মেজর
কার্ণক সাহেব তাঁহাকে সাহআলমের নিকটে যাইতে

নিবেদন করিলেন কিন্তু তিনি অতিশর্ম অহঙ্কার পুষুক্ত তাহা করিলেন না অবশেষে স্থির হইল যে ইপরাজিদি-গের কারখানায় উভয়পক্ষে আসিবেন তথায় এক কণিক সি-ছাসন পুন্তত হইল তদুপরি ঐ তিমরব শীয় ৰুরাজ্যে পলায়িত হিন্দুস্থানের মহারাজ বসিলেন মীরকস্মিন স্বাভাবিকপূজাপূর্ত্মক তথায় পুরেশ করি-দেন মহারাজ তাঁহাকে বাহালা বেহার ওউড়িন্যার গুরাদারীতে স্থাপিত করিলেন তিনিও ক্রম্বরণে বিশ্শতি লক্ষ মুদ্রা বর্ষে২ দিতে স্বীকার করিলেন অনন্তর মহারাজ দিল্লীতে যাত্রা করিলেন কার্ণক সাহেব কর্মনাশার তীরপর্য্যন্ত তাঁহার সহচর থাকিলেন তথায় বিদায়কালে মহারাজ কহিলেন যে ইণরাজদি-**গের যখন ইচ্ছা হইবে তখনি তিনি এই** তিনদেশের দেওয়ানী তাঁহাদের দিবেন। এথানে ইহা বলা উচিত হয় যে ১৭৫৫শালে যদাপিও উড়িস্যা মহারাষ্ট্রীয়দি-গের দত্ত হওয়াতে অন্যান্য দেশহইতে পৃথক হইয়াছিল তথাপি সুবর্ণরেখানদীর উত্তরভাগ এতদেশীয়নবা-বের অধীন থাকাতে উড়িদ্যা নামে বিদিত ছিল ৷৷

কস্মিআলি সমুদায় জনিদারদিগের সম্পূর্ণ পৈ
অধীন করিলেন কিন্তু পাটনার শাসনকর্ত্তা রামনারায়ণের কিছুই করিতে পারেন নাই তিনি অতিশয়
অনিকপে বিখ্যাত ছিলেন কিন্তু যথার্থ ই রাজদিগের

মারা রকিত ছিলেন তিনি তিনবৎসরপর্যান্ত ছিসাব अतिकात कृत्वन नारे कात्र अगमरत युकार्थ रेमनाकाता ইবহারের অনেক ক্ষতি হইয়াছিল নবাব কহিলেন যে মাৰ্থ রামনারায়ণ দেয়পরিশোধ নাকরেন তাবৎ ই %-**রাজদি**গের প্রাপ্য দিতে পারিবেন না তাহাতে কলিকা-ভা স্থিতসভায়দুই অংশ হইল এক অংশ নীরকণ্সিনের বিপক্ষ হইল ও যেপকে শাসনকর্তা বন্শিটার্টপাহেব ছিলেন সেপক ভাঁহার সপক হইল পরে বন্শিটাট্না-হৈবের পক্ষ পুৰন হওয়াতে পাটনান্থিত রামনারায়ণের লকক ইশরাজি দৈনাদিগের আহান হইল রামনারা-স্থানের সূতরাণ গুরাদারের দয়াব্যতিরিক্ত উপায় রহিল শা শুবাদার অবিলম্বে তাঁহাকে আটক করিয়া আনেধ क्रितित्वन श्रेश्वर्यन अकामार्थ छ। हात ज्ञामिशक অতিশয় ক্লেশ দিলেন কিন্তু তথাপি রাজকীয় বায়ো-न्ययुक्त इहेट अधिक धन शुाध इहेन न। यन्ति है। एँ-লাহেবের রাজত্বমধ্যে এই এক প্রধানভুল ছিল কারণ এই ব্যাপারদারা এতদেশীয়লোকদিগের ইণরাজদি-গের সহায়তায় বিশ্বাস ভক্ষ হইল।।

া নীরকস্সিম এপর্যান্ত উত্যন্পে রাজ্য করিলেন অতংপর কোম্পানির ভ্তাদিগের লোভদার। কিন্তপে ভাঁহার পত্তন হইল তাহা বর্ণনা করি। ভারতবর্ষে জোন দ্বাস্থানান্তর করিতে হইলে মাসুল দিতে হইত व्यव अ मामृनवाता अधिका भा ताजव उर्भत इहै छ কিন্তু রাজস্ববৃদ্ধির এবড় কুৎনিত রীতি ছিল কারণ ইহাতে বাণিজ্যের ব্যাঘাত হইত তথাপি ঐ রীতি তৎকালে পুবল ছিল এব ১৮৩৫ শালের পুর্বাবিশ্ব **इ॰ तार्**कता अनाथा करतन नाहे यथन हे॰ तार्किन কোম্পানিতে উত্তম বাণিজ্যশক্তি পাইলেন তথক বার্ষিক তিন সহসু সুঘাদানে তাঁহাদের মাসুল রহিত इहेन कनिका जास्**ठ शुधान व्यध्यक** यमस्यक साक्षत्र করিতেন শুলুগুাহিদিগের তাহা দেখাইলে কোম্পানির ক্রব্য বিনা শুলুে যাইত কেবল কোম্পানির বাণিজ্যে এইৰপ সুগন ছিল কিন্তু ইপরাজেরা নিজমনো-দীত নবাব হাপন করিয়া এদেশে এমত বলবান্ হইলেন যে প্রায় কোম্পানির সকলত্তোর। মিজ্থ বাণিজ্য করিতে আরম্ভ করিলেন ক্লাইবনাছেব যেপর্য্যস্ত अप्तरम जिल्लान जरविष उँ। हाता अज्यासनी प्रवित्न দিগের ভুলা শুলু দিতেন কিন্তু তিনি হুদেশে গমন করিলে এই নভাদারা দিতীয় নবাব হাপিত হওয়াতে ই রাজেরা পূর্বাপোক। অধিক বলবান হইয়া **নাসূল-**ৰাতিরেক বাণিজ্য করিতে ছিন্ন করিলেন বাঙ্গালার তাঁ হাদের সামর্থ্য এমত অধিক ছিল যে নবাবের কোন ভৃত্য লোক তাঁহাদের প্রতিবন্ধক হইতে পারিতেন না **প্রতথব ই**প্রাজেরা ক্রমে ২ অধিক দুরস্ত হইলেন ভাঁ**হ**া দের পোমন্তারা ইচ্ছানুসারে ইণরাজি নিশান গাড়িয়া দিপকে বহুবিধয়াতনা দিতেন কোন ইণ্রাজের স্বাক্ষ-রিত দন্তক পাইলে ক্রণ কোম্পানিত্রা সমুক্তি इंहेरजन यि नवारवत आमनाता कान व्याचा करिन তেন ইউরোপীয় ভদ্রলোকের৷ তৎক্ষণাৎ সিপাই পাঠা-ইয়া তাঁহাদের কারাগারে রোধকরিতেন মাসূল ব্যাতি-**রেকে নিজ**দ্রব্য চালান করিতে হইলে নাবিক কোম্পা-শির নিশান তুলিয়াদিতেন এইরূপে নবাবের শক্তি নষ্ট हरेन अञ्चलनीय विविक्तिशत नर्खनाम इरेन अव-ভদ্র ই॰রাজেরা বিপুল ধনী হইলেন শুবাদারের রাজ্য অতিকীণ হইল কারণ ইশরাজেরা ষেরূপে মাসূল দিতেল না সেইৰূপে তাঁহাদের ভূত্যেরা নাম করিয়া সকলেই রাজকর মুক্ত হইতেন মার কস্থিম এই সকল ক্লেশবিষয়ে কলিকাতার সভায় অভিযোগ করিলেন এব বদ্যপি ইহার নিবারণ না হয় তবে এককানে রাজ্যনাশ করিবার ভয় দেখাইলেন।।

বন্শিটার্ট সাহেব ও হছি 'স সাহেব এই দোষ
নিবারণার্থে বিবিধ চেষ্টা করিলেন কিন্তু এই দোষদারা
অন্যান্য সভাপতিদিগের লভ্য থাকাতে তাঁহাদের
যত্ন বিফল হইল পরে ঐ অবস্থার এমত বৃদ্ধি হইল
যে এতদেশীয়লোকদিগকে ই 'রাজদিগের গোমস্তা-

কৃত্রক নির্মপিতমূলে। প্রব্য ক্রয় বিক্রয় করিতে इहेल खाउः शत्र भीतक म्मिम ग्मिष्टेक राभ है श्राक मिशतक শত্রবোধ করিলেন এব উভয় পক্ষে বৃদ্ধ হইবার বিলক্ষণ মন্তাবনা হইল বন্শিটাট সাহেৰ তাহা নিবারণার্থে ভাঁহার সহিত সাকাৎ করিতে স্বয়ৎ म्द्यद्व भगन क्रिटलन मीदकम्मिम त्मोश्राम्। भूक्क তাঁহাকে অভার্থনা করিয়া প্রকৃতসময়ে কোম্পানির ভৃত্যদিগের দৌরাক্য ওবিনাশুলে, বাণিজ্যদারা দেশের অপকারবিষয়ে কটুক্তিতে অভিযোগ করিলেন বন্-শিটার্ট সাহেব তাঁহার সাস্ত্রনার্থে সচেষ্টক হইয়া প্রস্তাব করিলেন যে এতদ্দেশীয় লোকেরা ও ইণরাজেরা ভল্য-ৰূপে যকলদ্ৰব্যে শতকরা নয় টাকা মাসূল দিবেন थव° कहित्तन य कित्रकाठास्टिठ मजात अनुद्धः-ব্যতিরেকে এমত ব্যবস্থা করিতে তাঁহার সমির্থ্য নাই কিন্তু এইৰূপ করিতে তিনি পরামর্শ দিবেন অতিশয়অসমতিপূর্অক তাহাতে স্বীকার করিয়া কহিলেন যদি এদোষ পরিহার না হয় তবে সমুদায় মাসূল রহিত করিয়া ইউরোপীয়**্**ও এতদেশীয়লোকের তুল্যতা করিবেন বন্শিটার্ট-সাহেব ঐ বিষয় সভায় পুস্তাব করিতে সহরে কলিকাতায় আসিলেন মীরকস্সিম তাঁহাদের অনু-মতি অপেকা না করিয়া শুলকগ্রাহিদিগের প্রতি ইণ্-ু ব্লাক্ষদিগের ত্রব্যে শতকরা নয়টাকা আদায় করিতে তৎকণাৎ আছ। করিলেন ই শরাজেরা তাহা দিতে অস্বীকার করিয়া এতদেশীয়আমলাদিগের রুদ্ধ ক্রিলেন এর শানাদেশীয় কারখানার প্রধানলো-কেরা ব্রহানহইতে শীঘু কলিকাতায় আসিলেন কেবল ছণ্ডি শ্স সাহেবব্যতিরেকে সকলেই শতকরা नग्नोका मामूनविषया वम्निकार्वे माट्यत अखाद **গুণাপু**র্বক ত্যজ্য ক**রিলেন** তাঁহারা কেবল লবণ বিষয়ে नार्क पूरे मृजा फिएल नया हरेलन। भीतक मिन ज ००-কালে নেপানে যুদ্ধযাত্রা করিয়াছিলেন কিন্তু তথায় मुजिक्व इंहेरनम ना उथाइहेरच প্রত্যাগন্দকালে শুনি-লেন যে কলিকা তার সভাপতিরা মাসূল দিতে অদ্বীকার করিয়া তাঁহার আমলাদিগকে আটক করিয়াছেন তিনি তৎক্ষণাৎ বাজালা ও বেহার সনুদায় অঞ্লে মানুল **রহিত** করিলেন সভাপতিরা তাহাতে অতি**শ**য় কোধা-নিত হইলেন তাঁহাদের ইচ্ছা যে নবাব নিজপ্রজা+ इहेट शृद्धंवय मामून आमात्र कतिरवन ७ हे ताकिन-গকে বিনামাসূলে বাণিজ্য করিতে দিবেন ক্রোথপূর্ব্তক छाङाप्तत कर्याशकथम इङ्ख्य नाभिन इष्टि॰ न मास्ट्र কহিলেন যে প্রথান রাজা নীরকসলিম নিজ প্রজাদি-গের ভাল কি কারণে না করিবেন তাহাতে ঢাকার কারখানার কর্ত্যবাট্যন্সাহেব কহিলেন যে এইবাক্য

মবাবের অধীনলোকের উচিত বটে কিন্তু এসভাপতি-দের যোগ্য নহে হণ্ডি \সমাহেব প্রত্যুত্তর করিলেন যে অতি নিৰ্বোধ না হইলে এমত বাক্যবলে না ঐ আৰ-শ্যক বিষয়ে সভাপতিদিগের এইৰপ স্বভাবে কণো-পক্থন হইল অবশেষে তাঁহাদের নির্ধারণ হইল যে এতদেশীয়বাণিজ্যে পূর্ন্তোক্ত গুল্ক নির্ধারণ করিতে শীরকস্সিমের প্রবৃতিকারণ আমিয়াট্সাহেব এব ১ হে সাছেৰ তথায় প্ৰেৱিত হইবেন তাঁহারা তথায় গিয়া বতবার তাঁহার সহিত সাক্ষাথ করিলেন এবপ প্রথমত বোধ হইল যে এবিষয়ের নিষ্পত্তি হইতে পারে কিন্তু কোম্পার্টনর ভূত্যমধ্যে অতিবুরস্ত ও পাটনার मार्थ। अथान ইलिन् नार्ट्यत पुतार्गत्वाता निश्चत আশা নষ্ট হইল নবাৰ আনিয়াট্যাহেৰকে বিদায় করিয়া ই∾রাজদিনের কারাগারস্থিত নিজ ভ্তাদি-গের মোচনার্থে প্রতিমূম্বরূপে হে সাহেবকে রাখি-লেন ইলিস্সাহেব আনিয়া ইসাহেবকে নবাব পুন-করি না গুহণ করিতে পারেন এমত বৃঝিয়া সহসা পাটনা নগর অধিকার করিলেন কিন্তু তাঁহার সৈন্যের ম্দ্যপানে মত হইয়া বিশ্ধল হওয়াতে শুবাদারের অধিক দৈন্য আসিয়া ঐনগর পুনরধিকার করিল এব% ইলিস সাহেব ও অন্যান্য ইউরোপীয়েরা কারাগারে ऋष इरेज़न कुण्तिभूवालि ५रे शावनात वाशात শুনিয়া দেখিলেন যে যুদ্ধ অনিবার্য্য হইল একারপ বহিঃস্থিত কারখানার সকল ইউরোপায়দিগের আটক করিতে ওকলিকাতার পথিমধ্যে আমিয়াট্সাহেবকে রোধ করিতে আজ্ঞাকরিলেন ঐ মহাশয় মুরসিদাবাদের নিকটে যাইতেছেন এমতসময়ে তথাকার অধিকৃতের নিকটে ঐ আজ্ঞা আসাতে তিনি তাঁহাকে আজান করিলেন আমিয়াট্ সাহেব ভাহানা মানাতে মহৎ কলহ উপস্থিত হইল তাহাতে তিনি মারা পড়িলেন মুরসিদাবাদ স্থিত জগৎসেটের গৃহের প্রধান বণিকের। ইশরাজদিগের পক্ষে আছেন এরপ সন্দেহপ্রযুক্ত মীরকস্সিম তাঁহাদের মুঙ্গেরে আনিয়া দমনে রাখিলা।

আনিয়াট্ সাহেবের মৃত্যুসমাদ ও ইলিস সাহেবের আর তাঁহার সহচরদিগেরআসেধের সমাদ কলিকাতায় আসিবামাত্রে সভাপতিরা তৎক্ষণাৎ যুদ্ধ করিতে স্থির করিলেন বন্শিটাট সাহেব ও হঠি শস সাহেব পাটনা-স্থিতভদ্রলাকেরাযেপর্য্যন্ত মারকস্সিমের হস্তহইতে মুক্ত না হয়েন তাবং ক্ষান্ত রাখিতে যথেষ্ট চেষ্টা করি-লেন কিন্তু তাহার কোন কল হইল না সভ্যের অধি-কাশ্দারাইশ্রাজি সৈন্যদিগের তৎক্ষণাৎ যুদ্ধ করিতে আজা হইল এবশ তৎকালে তাঁহারা মারজেকরকে পুনর্ধার রাজ্যার্পণ করিতে স্থির করিলেন কারণ তিনি ইশ্রাক্ষদিগের বিনামাসুলে বাণিজ্যে ও এতদেশীয় বাণিজ্যে পূর্বেও মানুলস্থাপনে অনুনতি করিতে স্থাকার করিলেন ঐ বৃদ্ধ মহাশয় ছিল্ড তিবর্ষমুদ্ধ ও কুষ্ঠরোগদারা গতিশক্তিরভিত তথাপি ইশ্রাজি সৈন্যের সহিত কলিকাতাহইতে মুর্নিদাবাদে চলি-লেন।

মীরকস্সিন **ইসন্যশিকার্থে বহুবিধ আ**য়াস করি-য়াছিলেন এবপ তাঁহার সৈন্য এৰপ উত্তম ছিল যে এতদেশীয় কোন রাজার কদাস সেকপ ছিল না তাঁহার আরমাণীয় দেনাপতি জর্মিনখাঁও যুদ্ধবিষয়ে নিপুণ **ब्रिलम किन्न उथा थि मीर्घकान यूक्त रहेन ना नदादित** সেনাপতিদের পরস্পার অনৈক্য হওয়াতে ১৭৬৩ শালের ১৯ জুলাই কাটোয়ায় তাঁহার দৈন্যেরা পরা-জিত হইল ২৪ তারিখ ইণরাজেরা মুতিবিলে শ্রেণী-বন্ধ নবাবের টেনন্যদিগের পরাজয় করিয়া মুরসিদা-বাদ অধিকার করিলেন ২ আগষ্ট সুতির নিকটে গরি-য়ায় এক যুদ্দ হইল তাহাতেও নীরক স্সিমের সেনারা আঘাত পাইলেন নবাব রাজমহলের স্থাপে উদ্যু নল্লে দৃঢ়তর শিবির করিয়াছিলেন তাঁহার সমুদায় टेनना उथात भगन कतिन जिनि खन्नः এতৎপर्याञ्च मूट्यतः हित्तन अञःপत छेनयस्थिउदेनत्तात निकटि याहरू स्ति कृतिदान किन्न याजात भूटब्र अञ्चलीत्र

